বিদ্যুৎ বিভাগের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ বিভাগ	১৭	১৬	১	০	৩	১৫	• ২৫.০০% • ৩০০.০০%	১২	▪ ১.২২% ▪ ৩২১.৮২%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১৭ (সতেরো)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	নতুন নির্মিত লাইন ও নতুন উপকেন্দ্র রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করার জন্য লোকবল নিয়োগ করা যেতে পারে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	যথাযথভাবে সম্ভাব্যতা সমীক্ষা করতে হবে;
৩.৩ ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৪ সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতাকে কাজে না লাগানো	ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা যায় সেজন্য এ প্রকল্পের অভিজ্ঞতাসমূহ অনুসরণ করতে হবে
৩.৫ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.৬ একই এলাকায় সাথে বিভিন্ন চলমান প্রকল্পের ক্ষেত্রে	প্রকল্প এলাকায় একই সাথে বিভিন্ন প্রকল্প চলমান রয়েছে। একই ঠিকাদারের নিকট বিভিন্ন প্রজেক্টের একাধিক লাইন নির্মাণ কার্যাদেশ বিদ্যমান। কোন প্রকল্পের মালামালের গায়ে প্রকল্পের নাম লেখা থাকেনা। একই সাথে একাধিক কার্যাদেশ থাকায় এক প্রকল্পের মালামাল অন্য প্রকল্পে সহজেই ঠিকাদার ব্যবহার করতে পারে। মালামালের গায়ে প্রকল্পের নাম থাকলে (বিশেষ করে পোল, ট্রান্সফরমার, মিটার, মিটার সিল, লাইটনিং এ্যারেস্টার, ড্রপআউট ফিউজ) গ্রাহক হয়রানি ও অনিয়ম অনেক কমে যাবে।
৩.৭ প্রকল্প পরিচালক সংক্রান্ত	ভবিষ্যতে যে কোন প্রকল্পের ক্ষেত্রে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন পরিহার করতে হবে।

সোলার ষ্ট্রীট লাইটিং প্রোগ্রাম ইন সিটি কর্পোরেশন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৯)

১. প্রকল্পের নামঃ সোলার ষ্ট্রীট লাইটিং প্রোগ্রাম ইন সিটি কর্পোরেশন।

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকাঃ দেশের ৮টি সিটি কর্পোরেশন

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩১৬৬০.৯৫ **৬৮২৮.৩৩** **২৩৬৫৯.৩১** ১১৭৩.৩১	২৫১৬৬.৭১ ১০২৬৩.৪৯ ১৩২৮০.১৩ ১৬২৩.০৪	২১১০১.২৮ ৭৭৪৭.৯৯ ১২৯৫৪.৭১ ৩৯৮.৫৮	জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর, ২০১৫	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৮	জুলাই ২০১২ হতে জুন ২০১৯	(-)৩৩.৩৫%	৩(তিন) বছর ৬ মাস (৮৭%)

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই। তবে প্রকল্পের কম্পোনেন্ট মূল ডিপিপি হতে পরিবর্তন হয়েছে।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ পটভূমি:

বিদ্যুৎ সেক্টরে সরকারের সাফল্যের ধারাবাহিকতায় ৭ম পঞ্চাশবার্ষিক পরিকল্পনায় ২০২০ সালের মধ্যে ২৩০০০ মে:ও: এবং ২০৩০ সালের মধ্যে ৪০০০০ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১০ এ বিদ্যুৎ উৎপাদনের জন্য জ্বালানি বহুমুখীকরণের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা ২০০৮ অনুসারে ২০২০ সালের মধ্যে শতকরা দশ ভাগ বিদ্যুৎ নবায়নযোগ্য জ্বালানীর উৎস হতে মেটানোর লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। নবায়নযোগ্য শক্তির সকল উৎসের মধ্যে সৌর শক্তি বাংলাদেশের জন্য সেবা কার্যকর ব্যবস্থা। এ জন্য, সরকার ইতিমধ্যে '৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কর্মসূচি' চালু করেছে। উক্ত উদ্যোগের আওতায় দেশের ৭টি সিটি কর্পোরেশন সৌর বিদ্যুৎ কর্মসূচি গ্রহণ করে এবং কর্পোরেশনের রাস্তায় স্ট্রিট লাইটং ব্যবস্থায় সৌর শক্তির মাধ্যমে বাতি জ্বালানোর লক্ষ্যে সৌর বিদ্যুৎ চালিত Light Emitting Diode (LED) টেকনোলজির প্রতিস্থাপন করার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২ উদ্দেশ্য:

- প্রচলিত স্ট্রিট লাইটের পরিবর্তে এলইডি স্ট্রিট লাইট প্রতিস্থাপনের মধ্যেমে বিদ্যুৎ শক্তির সাশ্রয়;

- সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিল হ্রাস করা; এবং
- গ্রীণ এনাজি জেনারেশন বৃদ্ধি এবং কার্বন নির্গমন হ্রাস করা।

৭.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

গত ০২/০৫/২০১২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩১৬৬০.৯৫ লক্ষ টাকা। প্রকল্পটি অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত। বিগত ২৮/১২/২০১৬ তারিখে প্রকল্পটি ৬৯১৩.৯৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ম সংশোধন করা এবং ০১/০৩/২০১৮ তারিখে ১১৮৮৬.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২য় সংশোধন করা হয়। পরবর্তীতে প্রকল্পের কিছু কাজের সমস্যার কারণে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০১৯ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** নিম্নোক্ত ৬ (ছয়) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন/করছেন:

ক্রমিক নং	নাম ও পদবী	দায়িত্বের ধরণ	একাধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত আছেন কিনা	প্রকল্প পরিচালক হিসেবে মেয়াদ	
				শুরু	শেষ
১।	জনাব শাহিনুল ইসলাম খান প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	০৪/০৩/২০১২	১৭/০৬/২০১৪
২।	জনাব মো: শাহজান মিয়া প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	১৮/০৬/২০১৪	০৫/০৮/২০১৪
৩।	জনাব মো: আব্দুল কালাম প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	০৬/০৮/২০১৪	২৯/০৯/২০১৪
৪।	জনাব মো: সারওয়ার হোসাইন প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	৩০/০৯/২০১৪	১৪/০৭/২০১৬
৫।	জনাব শহিদুল ইসলাম প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	১৫/০৭/২০১৬	০৫/১০/২০১৬
৬।	জনাব নুরুন নাহার বেগম প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	০৬/১০/২০১৬	অদ্যবধি

৭.৫ প্রকল্পের মূল কার্যক্রম :

- ২০ কি:মি: Solar Based PV LED স্ট্রীট লাইট স্থাপন;
- ২০০ কি:মি: Non Solar Based PV LED স্ট্রীট লাইট (গ্রীড) স্থাপন;
- ১৪৫২ সেট Solar Based PV LED স্ট্রীট লাইট সিস্টেম স্থাপন;
- ১৩৪৩১ সেট Non Solar Based PV LED স্ট্রীট লাইট সিস্টেম স্থাপন;

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

Sl. No	Items of Work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
	1	2	3	4	5	6	7
A.	**Revenue Component**						
	Salary of Officers	41 Nos.	613.54	100%	107.01	100%	
	Salary of Staffs	53 Nos.	283.06	100%	41.91	100%	
	Allowance	L/S	526.07	100%	99.43	100%	
	Repair & Maintenance	L/S	200.42	100%	150.23	100%	
B.	**Capital Component**						
	Machinery & Equipment (Turn-key Part)	7 Lot	8842.65	100%	8792.92	100%	
	Design Services	LS	345.32	100%	339.93	100%	
	Construction, Installation & Civil Works	7 Lot	3529.65	100%	3529.65	100%	
	Training	21 p	111.68	100%	110.,00	100%	
	Freight & Insurance		0.00	100%	0	100%	
	Local transportation, insurance and freight		0.00	100%	0	100%	
	VAT & TAX for Machinary & Equipment and on services @13.5%	13.50%	1731.96	100%	1229.29	100%	
	Engineering Services	LS	322.54	100%	174.42	100%	
	Transport - Vehicles	26	1034.84	100%	918.27	100%	
	Office Furniture, Equipment including all accessories	LS	50.00	100%	20.82	100%	
	LTSA	LS	0.00	100%	0.00	N/A	
	Charge of electrical energy during Construction	LS	6.00	100%	0.00	0	
	L.C. Charge (Bank Charge)	1.50%	125.39	100%	5.51	100%	
	Custom duty, Taxes & VAT @ 68% of Machinapry & Equipment Cost	15%	6511.00	100%	4881.01	100%	
	AIT (Income Tax) @10% of Remuneration & VAT @15% of Total Consultancy Charges for Consultants	10% & 15%	80.64	100%	52.29	100%	
	Interest during construction @ 3% on GOB part & 4% on PA	3% & 4%	706.34	100%	640.81	100%	
	Physical contingency	0%	0.00	100%	0.00	0	
	Price contingency	1%	145.61	100%	7.79	0	[1]*
	Total		**25166.71**	**100%**	**21101.29**	**100%**	

৯.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

	Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
		As per PP (2nd Revised)	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
	1	2	3	4	5	6	7
	Works						
Lot-1	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10166, Dhaka North City Corporation).**	**BDT 2414.46 Lakh**	US$ 2,250,469.00 + BDT 2,58,09,334.20 excluding VAT & IT Eq. BDT 223730621.52 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Oct/18
Lot-2	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10167, Dhaka South City Corporation).**	-	US$ 1,496,740.35 + BDT 2,26,75,104.94 excluding VAT & IT Eq. BDT 154886990.77 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Not implem-ented/ Terminat ed.
Lot-3	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No.	**BDT 2922.58 Lakh**	US$ 2,846,535.21 + BDT 2,10,89,298.26 excluding VAT & IT Eq. BDT 270219255.03 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Oct/18

	Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
		As per PP (2nd Revised)	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
	1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
	2769-Ban, Part B-iii. **(Contract No: 10168, Chittagong City Corporation).**						
Lot-4	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10169, Sylhet City Corporation).**	**BDT 1714.49 Lakh**	US$ 1,562,360.94 + BDT 2,12,83,369.21 excluding VAT & IT Eq. BDT 159041216.82 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Oct/18
Lot-5	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10170, Khulna City Corporation).**	**BDT 2764.22 Lakh**	US$ 2,654,332.77 + BDT 2,31,03,794.82 excluding VAT & IT Eq. BDT 255773153.58 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Oct/18
Lot-6	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey	**BDT 2021.69 Lakh**	US$ 1,558,040.52 + BDT 4,87,40,598.00 excluding VAT & IT Eq. BDT 189006690.60 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Aug/18

	Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
		As per PP (2nd Revised)	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
	1	2	3	4	5	6	7
	Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10171, Barisal City Corporation).**						
Lot-7	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10172, Rajshahi City Corporation).**	**BDT 1715.22 Lakh**	US$ 1,325434.43 + BDT 4,10,54,380.00 excluding VAT & IT Eq. BDT 160336585.95 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Sep/18
Lot-8	Procurement of Design, Supply, Installation & Commissioning, Including 5 years Performance Warrantee Contract (PWC) of Solar PV LED Street Lighting Systems (SSLS) and LED Based Street Lighting Systems (LSLS) in 8 City Corporation of Bangladesh on Turnkey Basis under ADB Loan No. 2769-Ban, Part B-iii. **(Contract No: 10173, Rangpur City Corporation).**	**BDT 1008.67 Lakh**	US$ 786,752.86 + BDT 2,35,36,902.00 excluding VAT & IT Eq. BDT 94253186.67 including VAT & IT	12.01.2015	26.04.2017/ 30.07.2017	25.04. 17	Aug/18
	Total value of works procured	BDT 14,561.28 Lakh	Eq. BDT 1352360710.17 including VAT & IT				

	Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
		As per PP (2nd Revised)	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
	1	2	3	4	5	6	7
	Consultancy						
1.	Engineering Consultancy Services (Individual) as National Individual Consultant for Project Implementation Support. (Original Contract No. 09934, Variation Contract No. 10072)	BDT 322.54 Lakh	Original US$ 73,932.00 [Variation US$ 128,412.00 Eq. BDT 26479378.58 [Excluding VAT & IT.]	07.05.2013	original 06.03.14 variation22 .03.16	31.12. 16	31.12.16
2.	Engineering Consultancy Services (Individual) for providing as International Individual Consultant (Photovoltaic Solar Energy Specialist) for Project Implementation Support. [Original Contract No. 09963, Variation Contract No. 10072(A)]		Original US$170,000.00 [Variation US$ 271,583.37 Eq. BDT 12520170.00 [Excluding VAT & IT.]	Appointed by ADB.	original 31.08.14 variation22 .03.16	31.12. 16	31.12.16

১০.০ পর্যবেক্ষণঃ

১০.১ প্রকল্পটি ৭টি সিটি কর্পোরেশন এলাকায় প্রধান সড়কে সোলার লাইট স্থাপনের উদ্দেশ্যে গ্রহণ করা হয়েছিল। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে প্রকল্পের মূল অঙ্গ সোলার স্ট্রিট লাইটের মাত্র ১০% রাখা হয়েছে। এলইডি লাইট ও অন্যান্য কম্পোনেন্ট ৯০% এবং ১০% সোলার লাইটের সংস্থান রেখে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। এমতাবস্থায় প্রকল্পটির মূল উদ্দেশ্যে সফল হয়নি বলা যায়।

১০.২ সিলেট সিটি কর্পোরেশন এলাকায় লাইটের সাথে অপারেশনাল ড্রাইভার সংযুক্ত (Built-in) আছে। তবে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় লাইট চালানোর জন্য আলাদা ড্রাইভার বক্স রয়েছে। সকল সিটি কর্পোরেশন এলাকার জন্য নির্দিষ্ট স্পেসিফিকেশনের লাইট ব্যবহার করা বাঞ্চনীয় ছিল।

১০.৩ প্রকল্পটির আওতায় ০৯টি জীপ এবং ০৭টি ডাবল কেবিল পিকআপ ক্রয় করা হয়েছে। যানবাহনসমূহ সিটি কর্পোরেশন ও অন্যান্য দপ্তরে সরবরাহ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর সকল (০৯টি জীপ এবং ০৭টি ডাবল কেবিল পিকআপ) ক্রয়কৃত যানবাহন পরিবহন পুলে জমা প্রদানের বিধান রয়েছে।

১০.৪ ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এলইডি এবং সোলার লাইটের ৫ বছর অপারেশন এন্ড মেইনটেনেন্স গ্যারান্টি রয়েছে। প্রথম ও দ্বিতীয় বছর ঠিকাদার কর্তৃক স্পেয়ার পার্টস সরবরাহ করা এবং সার্ভিস প্রদান করা হবে। পরবর্তী তিন বছর ঠিকাদার কর্তৃক স্পেয়ার পার্টস সরবরাহ করা হবে এবং সিটি কর্পোরেশন নিজস্ব জনবল দ্বারা সার্ভিস প্রদান করবে। যেহেতু বাস্তবায়নকারী প্রতিষ্ঠান BPDB এবং সুবিধাভোগী (Stakeholder) প্রতিষ্ঠান সিটি কর্পোরেশন;

অতএব ঠিকাদারের PG (Performance Grantee) সিটি কর্পোরেশন হতে ক্লিয়ারেন্স প্রাপ্তি সম্পর্কে BPDB অবমুক্ত করবে।

১১.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ প্রচলিত স্ট্রিট লাইটের পরিবর্তে এলইডি স্ট্রিট লাইট প্রতিস্থাপনের মধ্যেমে বিদ্যুৎ শক্তির সাশ্রয়;	➢ প্রচলিত স্ট্রিট লাইটের পরিবর্তে এলইডি স্ট্রিট লাইট প্রতিস্থাপনের মধ্যেমে বিদ্যুৎ শক্তির সাশ্রয় করা সম্ভব হয়েছে। তবে ডিপিপির মূল কম্পোনেন্ট পরিবর্তন করা হয়েছে।
➢ গ্রীণ এনার্জি জেনারেশন বৃদ্ধি এবং কার্বন নির্গমন হ্রাস করা;	➢ গ্রীণ এনার্জি জেনারেশন বৃদ্ধি এবং কার্বন নির্গমন হ্রাস করা হয়েছে।
➢ সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিল হ্রাস করা।	➢ সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিল হ্রাস পেয়েছে।

১২.০ সুপারিশঃ

১২.১ প্রকল্পটির আওতায় ০৯টি জীপ এবং ০৭টি ডাবল কেবিল পিকআপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর সকল (০৯টি জীপ এবং ০৭টি ডাবল কেবিল পিকআপ) ক্রয়কৃত যানবাহন পরিবহন পুলে জমা প্রদান করার বিধান রয়েছে। ক্রয়কৃত যানবাহনসমূহ সিটি কর্পোরেশন ও অন্যান্য দপ্তর হতে সংগ্রহ করে পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা করতে হবে;

১২.২ প্রকল্পটির বাস্তবায়নকারী প্রতিষ্ঠান BPDB এবং সুবিধাভোগী (Stakeholder) প্রতিষ্ঠান সিটি কর্পোরেশন; অতএব ঠিকাদারের PG (Performance Grantee) সিটি কর্পোরেশন হতে ক্লিয়ারেন্স প্রাপ্তি সম্পর্কে BPDB অবমুক্ত করবে। স্পেয়ার পার্টস সরবরাহ করার পর সিটি কর্পোরেশন নিজস্ব জনবল দ্বারা সার্ভিস প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করবে;

১২.৩ ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এলইডি এবং সোলার লাইটের ৫ (পাঁচ) বছর অপারেশন এন্ড মেইনটেনেন্স গ্যারান্টি রয়েছে। স্থাপিত এলইডি এবং সোলার লাইট অপারেশন এন্ড মেইনটেনেন্স নিশ্চিত করতে হবে;

১২.৪ পরবর্তীতে সমধর্মী প্রকল্প গ্রহণ করা হলে সকল সিটি কর্পোরেশন এলাকার জন্য নির্দিষ্ট স্পেসিফিকেশনের লাইট ব্যবহার করতে হবে;

১২.৫ অনুচ্ছেদ ১২.১-১২.৪ এর আলোকে গৃহীত কার্যাবলীর বিষয়ে আইএমইডি'কে শীঘ্র অবহিত করতে হবে।

শিকলবাহা ২২৫ মে: ও: ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৯)

১. প্রকল্পের নামঃ শিকলবাহা ২২৫ মে: ও: ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকাঃ চট্টগ্রাম জেলার পটিয়া, শিকলবাহা।

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০২২৪২.৩১ ৩৭১১৬.২৬ ১৩৭৫৩৬.১৪ ২৭৫৮৯.৯২	২০০৮১৮.০৭ ৫৮০৮৩.১২ ১২৪২৯৮.৪৬ ১৮৪৩৬.৪৬	১৮৫১১৩.৩২ ৪৬৯১১.০০ ১২৫৮১৫.৩৫ ১২৩৮৬.৯৭	নভেম্বর ২০১২ হতে জুন ২০১৬	নভেম্বর ২০১২ হতে ডিসেম্বর ২০১৮	নভেম্বর ২০১২ হতে ডিসেম্বর ২০১৮	১.২২%	২ (দুই) বছর ৬ (ছয়) মাস (৬৮.৩১%)

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ **পটভুমি:**

বাংলাদেশে প্রতি বছর ১২% হারে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুযায়ী ২০২১ সালে বিদ্যুতের চাহিদা হবে ১৮৮৩৮ মেঃওঃ এবং ২০৩০ সালে ৩৩৭০৮ মেঃএঃ। উক্ত মাস্টার প্ল্যানের অংশ হিসাবে চট্টগ্রাম জেলার বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে শিকলবাহায় ২২৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়।

৭.২ **উদ্দেশ্য:**

- স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে বৃহত্তর চট্টগ্রাম এলাকার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে শিল্পকারখানাসমূহের বিদ্যুৎ চাহিদা পূরণ করা;
- স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন লস হ্রাসকরণ ও লো-ভোল্টেজ সমস্যার সমাধান করা;
- পিক আওয়ারে লোডশেডিং হ্রাস করা ও সিস্টেম জেনারেশন ক্ষমতা বৃদ্ধি করা এবং
- ন্যাশনাল গ্রিডের স্ট্যাবলিটি বৃদ্ধি করা।

৭.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

প্রকল্পটি মোট ২০২২৪২.৩১ লক্ষ (দুই হাজার বাইশ কোটি বিয়াল্লিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১২ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৯/০২/২০১৩ তারিখে অনুস্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি ২০০৮১৮.০৭ লক্ষ (দুই হাজার আট কোটি আঠার লক্ষ সাত হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং নভেম্বর, ২০১২ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৮/০৬/২০১৭ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে Turnkey কাজের দরপত্র আহবান জটিলতার কারণে প্রকল্পটি ডিসেম্বর ২০১৮ পর্যন্ত ৩য় বার মেয়াদ বৃদ্ধি করা হয়।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** নিম্নোক্ত ৪ (চার) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন/করছেন:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	মেয়াদ কাল
১	সিরাজুল ইসলাম চৌধুরী, প্রধান প্রকৌশলী	০৭/০৮/২০১১ হতে ১১/০৮/২০১৬
২	মোঃ শামসুদ্দীন, নির্বাহী প্রকৌশলী	১২/০৮/২০১৬ হতে ০৩/১০/২০১৬
৩	প্রবীর কুমার সেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী	০৪/১০/২০১৬ হতে ০৮/০২/২০১৭
৪	জনাব মোঃ মোতাহার হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী	০৯/০২/২০১৭ হতে **৩০/০৬/২০১৯**

৭.৫ প্রকল্পের মূল কার্যক্রম :

- ২২৫ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন একটি কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা;
- ২২৫ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন একটি কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের নিমিত্ত পরামর্শক সেবা গ্রহণ করা;
- বিদ্যুৎ কেন্দ্রের গ্রাস সরবরাহরে নিমিত্ত একটি নতুন আরএমএস নির্মাণ করা;
- স্থানীয় কাজের আওতায় বিভিন্ন আবাসিক ও অনাবাসিক পূর্ত নির্মাণ কাজ সম্পন্ন করা।

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

Sl. No.	Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical (Qty)	Financial	Physical (Qty)	Financial
(a) Revenue Component							
1	Pay of Officers	20 Persons	420.20	100%	286.25	100%	
2	Pay of Staffs	22 persons	139.05	100%	123.15	100%	
3	Allowances	LS	335.55	100%	326.45	100%	
4	Advertisement, Meeting, Entertainment and other related Expenditures	LS	25.00	100%	12.93	100%	
5	Repairs, Maintenance & Rehabilitation	LS	214.42	100%	144.73	100%	

Sl. No.	Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical (Qty)	Financial	Physical (Qty)	Financial
Sub-Total (Revenue Component)			**1134.21**		**893.51**	**893.51**	
(b) Capital Component							
6	Machinery & Equipments	1 Lot	115989.06	100%	117823.58	100%	Foreign currency exchange rate fluctuation
7	Desalination Plant	1 Lot	2043.37	100%	1984.84	100%	
8	Power Evacuation Facility	1 Lot	7250.85	100%	7290.03	100%	Foreign currency exchange rate fluctuation
9	Emergency Power Supply	1 Lot	254.23	100%	256.03	100%	Foreign currency exchange rate fluctuation
10	Civil & Building Works	1 Lot	10842.50	100%	10723.53	100%	
11	Guarantee Enginnering Service	2 Year	1445.39	100%	1548.23	70%	Foreign currency exchange rate fluctuation
12	Training	25 Persons	376.83	100%	388.75	100%	Foreign currency exchange rate fluctuation
13	Foundation, Installation/Erection, Testing, Commissioning	1 Lot	6050.64	100%	6103.23	100%	Foreign currency exchange rate fluctuation
14	Design & Engineering	1 Lot	1205.91	100%	1206.59	100%	Foreign currency exchange rate fluctuation
15	Workshop tests including test witnessing	1 Lot	88.77	100%	82.36	100%	
16	Documents (drawings, operation manuals, Standards etc.)	1 Lot	0.80	100%	0.83	100%	Foreign currency exchange rate fluctuation
17	VAT & AIT for the work except CIF Value of permanent materials @ 10.5%	10.5%	2189.16	100%	2191.97	100%	Foreign currency exchange rate fluctuation
18	Land Acquisition	8.575 Acre	2253.57	100%	2253.56	100%	
19	Land Development	21588.78 Cubic M.	145.88	100%	145.81	100%	
20	Civil Works (Non-Residential)	LS	3939.27	100%	3552.46	100%	
21	Civil Works (Residential)	3716 Sqm.	1279.55	100%	1189.11	100%	
22	Transport/ Vehicles	7 Nos.	273.65	100%	273.65	100%	
23	Engineering / Consultancy Services & EIA	125 Man month	1107.60	100%	928.34	100%	
24	Regulating and Metering Station(RMS)	1 Lot	1935.99	100%	1304.17	100%	
25	16/20 MVA,33/6.6 KV Power Transformer with required line	1 Lot	647.00	100%	589.73	100%	

Sl. No.	Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
			Financial	Physical (Qty)	Financial	Physical (Qty)	Financial
	construction						
26	Charge of electrical energy during construction	LS	400.00	100%	306.21	100%	
27	Cost of Fuel for initial Operation (1 month)	LS	16477.23	100%	6368.00	100%	
28	Costoms duty, Taxes & VAT	LS	3000.00	100%	3000.00	100%	
29	Bank charge for LC Opening	LS	800.00	100%	74.67	100%	
30	Additional 3% VAT & AIT for the work except CIF Value of permanent materials	3%	625.47	100%	391.15	100%	
31	7.5% AIT on CIF Value of permanent materials	7.5%	9352.44	100%	9352.44	100%	
32	Office Furniture, Equipment including all accessories	LS	73.77	100%	40.80	100%	
33	Interest during construction	LS	825.05	100%	4849.74	100%	
Sub-Total (Capital Component)		**0.21**	**190873.99**		**184219.81**		
34	(c) Physical Contingency (2%)		3523.95	100%	0.00	0%	
35	(d) Price Contingency (3%)		5285.92	100%	0.00	0%	
Total		**0.21**	**200818.07**	**86.71%**	**185113.32**	**100%**	

৯.০ পর্যবেক্ষণঃ

৯.১। প্রকল্পের মূল EPC (Engineering Procurement Construction) ঠিকাদার হিসেবে M/S LARSEN & TOUBRO LTD. এর সাথে ২৪/০৮/২০১৪ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। ০৮/০৯/২০১১ তারিখে দরপত্র আহবানের ৩(তিন) বছর পর চুক্তি সম্পাদিত হয়। এত অধিক বিলম্বে চুক্তি স্বাক্ষরিত হওয়া কাম্য নয়।

৯.২। প্রকল্পের আওতায় ৪(চার)টি জীপ এবং ৪(চার) টি পিক-আপ ক্রয় করা হয়েছে। তন্মধ্যে মাত্র ১টি জীপ এবং ১টি পিক-আপ পরিবহন পুলে জমা দেয়া হয়েছে।

৯.৩। প্রকল্পের আওতায় একটি গ্যাস টারবাইন, একটি গ্যাস টারবাইন জেনারেটর, গ্যাসবুস্টার কমপ্রেসর, হীট রিকভারি স্টীম জেনারেটর, স্টীম টারবাইন, স্টীম টারবাইন জেনারেটর ও অন্যান্য মেশিনারিজ স্থাপন করা হয়েছে। এখনো Factory Acceptance Certificate (FAC) এবং Operational Acceptance Certificate (OAC) ইস্যু করা হয়নি।

৯.৪। প্রকল্পটির ৩ বার মেয়াদ বৃদ্ধি এবং ১ বার সংশোধন করা হয়েছে। বাস্তবায়নে কাজে ৬৮% টাইম ওভার রান হয়েছে।

৯.৫। Boundary wall এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে। Service Piling এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে। দুইটি ফুয়েল (ডিজেল) স্টোরেজ ট্যাংক নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। Exhaust Stack এর নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। Gas Turbine, GT Generator, GT Step up Power Transformer ও সংশ্লিষ্ট

auxiliary এর ইরেকশন ও টেস্টিং কমিশনিং এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে। Electrical Main Switchgear Building, Control and Equipment Building, Administration Building এর নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। প্রকল্পের স্থানীয় কাজের আওতায় 1250 sft, 1000 sft, 800 sft, 600 sft residential building, Mosque repair maintenance & extension, School extension, Store building, Office building ইত্যাদির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

৯.৬ প্রকল্পের স্থানীয় পূর্ত কাজের অধীন আবাসিক ভবন, অফিস ভবন, রাস্তা, বাউন্ডারী ওয়াল, ড্রেইন ইত্যাদির নির্মাণ কাজ শেষ হয়েছে। এছাড়াও বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের নিমিত্ত Pressure Regulating & Metering Station (RMS)-এর নির্মাণ কাজ শেষ হয়েছে।

৯.৭ বর্তমানে বিদ্যুৎ কেন্দ্র থেকে পিজিসিবি কর্তৃক নির্মিত Interim Arrangement এর আওতায় ২৩০/১৩২ কেভি ৩০০/২২৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার ও ওভারহেড লাইনের মাধ্যমে পাওয়ার ইভাকুয়েশন করা হচ্ছে। নির্মিত বিদ্যুৎ কেন্দ্র থেকে পাওয়ার ইভাকুয়েশনের নিমিত্ত প্রকল্প এলাকায় পিজিসিবি কর্তৃক ২৩০/১৩২ কেভি জিআইএস সাব স্টেশনের নির্মাণ কাজ চলমান আছে।

৯.৮ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রধান যন্ত্রপাতির স্পেসিফিকেশন সংযুক্তি-ক তে দেয়া হ'ল।

১০.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকা)

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Goods						
Design, Supply, Installation, Testing & Commissioning of Sikalbaha 225 MW Dual Fuel Combined Cycle Power Plant Project on Turnkey basis	147737.52	147737.52	08/09/2011	24/08/2014/ 20/11/2014	03/10/2017	08/11/2017
Installation of 33/6.6KV, 16/20 MVA Substation, Cable and other Accessories for Back Feed Power supply for Testing & Commissioning	647.00	647.00	20/02/2016	19/05/2016	05/12/2016	08/10/2016
Works						
Construction of Office Building for 225 MW (Including Chief Engineer's Office) & 150 MW Power Plants (4 Storied)	901.29	901.28	14/03/2016	21/06/2016	25/12/2017	05/06/2018
Construction of Main Drain	449.20	201.08	05/01/2016	22/03/2016	17/11/2017	29/03/2018
Construction of New Boundary Wall & Extension of Existing Boundary Wall	282.93	282.92	05/01/2016	12/04/2016	15/01/2018	15/06/2018
Design, Supply, Installation, Testing & Commissioning of RMS for Sikalbaha 225 MW Dual Fuel CCPP on Turnkey Basis	1935.99	1210.68	18/04/2017	22/08/2017/ 14/09/2017	13/03/2018	30/08/2018

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Service						
Consultancy Service of Construction of Sikalbaha 225 MW ± 10% Dual Fuel Combined Cycle Power Plant Project	1107.60	931.94	23/02/2012	30/06/2013	30/06/2018	30/06/2018

১১.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে বৃহত্তর চট্টগ্রাম এলাকার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে শিল্পকারখানাসমূহের বিদ্যুৎ চাহিদা পূরণ করা;	➢ স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে বৃহত্তর চট্টগ্রাম এলাকার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে শিল্প কারখানাসমূহের বিদ্যুৎ চাহিদা সম্পন্ন করা হয়েছে;
➢ স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন লস হ্রাসকরণ ও লো-ভোল্টেজক সমস্যার সমাধান করা;	➢ স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন লস হ্রাসকরণ ও লো-ভোল্টেজক সমস্যার সমাধান লাগব করা হয়েছে;
➢ পিক আওয়ারে লোডশেডিং হ্রাস করা ও সিস্টেম জেনারেশন ক্ষমতা বৃদ্ধি করা এবং	➢ পিক আওয়ারে লোডশেডিং হ্রাস করা ও সিস্টেম জেনারেশন ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে এবং
➢ ন্যাশনাল গ্রিডের স্ট্যাবলিটি বৃদ্ধি করা।	➢ ন্যাশনাল গ্রিডের স্ট্যাবলিটি বৃদ্ধি করা হয়েছে।

প্রকল্প বাস্তবায়নের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র:১ বিদ্যুৎ কেন্দ্রের ওভারভিউ



চিত্র:২ বিদ্যুৎ কেন্দ্রের স্টেপ আপ ট্রান্সফর্মার

	
চিত্র:৩ বিদ্যুৎ কেন্দ্রের বাইপাস স্ট্যাক	**চিত্র:৪ বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টারবাইন**

১২.০ সুপারিশঃ

১২.১ মূল ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে দরপত্র আহবান হতে চুক্তি স্বাক্ষর পর্যন্ত **৩(তিন)** বছর সময় ব্যয় হয়েছে, যা প্রকল্পের বাস্তবায়ন কাজকে দীর্ঘায়িত করেছে। ভবিষ্যতে ঠিকাদার নিয়োগে দীর্ঘসূত্রিতা পরিহার করতে হবে এবং এই বিলম্বের কারণ প্রকল্প দপ্তরকে মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাখ্যা করতে হবে;

১২.২ প্রকল্পের আওতায় ৪(চার)টি জীপ এবং ৪(চার) টি পিক-আপ ক্রয় করা হয়েছে। তন্মধ্যে মাত্র ১টি জীপ এবং ১টি পিক-আপ পরিবহন পুলে জমা দেয়া হয়েছে। অবশিষ্ট যানবাহন পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা করতে হবে;

১২.৩ প্রকল্পটি ৩ বার মেয়াদ বৃদ্ধি এবং ১ বার সংশোধন করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সময় আরো বাস্তবমুখী পরিকল্পনা করতে হবে যেন টাইমওভার রান না হয়;

১২.৪ সকল গুরুত্বপূর্ণ যন্ত্রের গায়ে ইংরেজী ভাষায় মুদ্রিত রেটিং প্লেট লাগাতে হবে এবং প্ল্যান্ট হ্যান্ড ওভারের পূর্বে সকল গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের ইংরেজী ভাষায় মুদ্রিত ব্যবহারবিধি (User manual) সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

১২.৫ অনুচ্ছেদ ১২.১-১২.৪ এর আলোকে গৃহীত কার্যাবলীর বিষয়ে আইএমইডি'কে শীঘ্র অবহিত করতে হবে।

List of major components/machineries of the power plant:

Sr. No.	Name of the major component	Specification in brief	Country of Origin	Year of manufacturing
1	Gas Turbine	Combustion Gas Turbine Model No.: SGT5-2000E Control system - SPPA-T3000	Siemens - Germany	2014
2	Gas Turbine Generator	Type.: SGEN5-100A-2P Rated Power:155.2 MW Rated Output: 194 MVA Rated Voltage: 15.75 kV Rated Current: 7111 A 3000 RPM, 50Hz, 0.8PF Lagging, 3 phase WYE Connection	Siemens - Germany	2014
3	Gas Turbine Generator Step up Transformer	Rated Voltage 15.75/230 kV, Rated MVA 3 x 80/60 MVA Rated Current: 8797.7 A/ 602.5 A ONAN/ONAF	Crompton Greaves Limited - India	2014
4	Gas Booster Compressor	Type: Integrally Geared Centrifugal Compressor No. of stages: -4 Suction Pressure: -5.5 bar(g) Discharge Pressure: -22.1 bar(g) Motor Rating: - 3800 kW	Atlas Copco – USA	2014
5	Heat Recovery Steam Generator	Type: Vertical, Natural Circulation No. Of Pressure: - Dual Pressure HP Drum Pressure: 85 bar(g) LP Steam Parameters: 5 bar(g)	L&T – India	2015
6	Steam Turbine	Single Cylinder Dual Pressure Model No.: SST-800	Siemens – Germany	2015
7	Steam Turbine Generator	Type.: SGEN5-100A-2P Rated Power: 85 MW Rated Output: 106.25 MVA Rated Voltage: 10.5 kV Rated Current: 5842 A 3000 RPM, 50Hz, 0.8PF Lagging, 3 phase WYE Connection	Siemens – Germany	2015
8	Steam Turbine Generator Step up Transformer	Rated Voltage 10.5/230 kV, Rated MVA 3 x 44/33 MVA Rated Current: 4190.4 A/ 331.3 A ONAN/ONAF	Crompton Greaves Limited - India	2015

পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যক্রম-২ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৯)

১. প্রকল্পের নামঃ পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যক্রম-২

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪. প্রকল্প এলাকাঃ রাজশাহী ও রংপুর বিভাগের ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতি (দিনাজপুর পবিস-১, দিনাজপুর পবিস- ২, গাইবান্ধা পবিস, জয়পুরহাট পবিস, কুড়িগ্রাম পবিস, নওগাঁ পবিস, নাটোর পবিস-১, নাটোর পবিস-২, নবাবগঞ্জ পবিস, নীলফামারী পবিস, পাবনা পবিস-১, পাবনা পবিস-২, রাজশাহী পবিস, রংপুর পবিস-১, রংপুর পবিস-২, সিরাজগঞ্জ পবিস, ঠাকুরগাঁ পবিস ও বগুড়া পবিস)

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
মূল মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত	বাস্তবায়ন কাল	(মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	(মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৩৮৫২০.০০ ১৩৮৫২০.০০	১৩৮৫২০.০০ ১৩৮৫২০.০০	১২৫২৮৮.১৯ ১২৫২৮৮.১৯	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯	৯০.৪৫%-	১ (এক) বছর (২৫%)

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ পটভূমি:

বাংলাদেশ সরকার বিদ্যুতায়ন কর্মসূচীকে সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে। পল্লী এলাকায় বসবাসকারী জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সরকার পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করে। বাপবিবো, পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় ৭২টি পল্লী বিদ্যুৎ সমিতি পল্লী এলাকার জনগোষ্ঠির নিকট বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করছে। সরকার ২০২১ সালের মধ্যে দেশকে বিদ্যুৎ নেটওয়ার্কের আওতায় আনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। এ প্রেক্ষাপটে রাজশাহী ও রংপুর বিভাগের ১৮টি পবিস এলাকায় বিদ্যুতায়নের কার্যক্রম বেগবান করার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২ **উদ্দেশ্য:**

- রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন এলাকায় ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতির (পবিস) মাধ্যমে গ্রামীণ এলাকায় বিদ্যুৎ বিতরণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠির অর্থনৈতিক উন্নয়ন।
- বিদ্যুতায়ন সম্প্রসারণ ও অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন।

৭.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

গত ১৫/০৭/২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৩৮৫২০.০০ লক্ষ টাকা। প্রকল্পটি অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৮ পর্যন্ত। গত ২০-১২-২০১৬ তারিখে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি কর্তৃক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদন করা হয়। পরবর্তীতে বিভিন্ন কাজের জটিলতার কারণে প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৯ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** নিম্নোক্ত ৪ (চার) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন/করছেন:

ক্রমিক নং	নাম ও পদবী	দায়িত্বের ধরণ	একাধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত আছেন কিনা	প্রকল্প পরিচালক হিসেবে মেয়াদ	
				শুরু	শেষ
১।	জনাব মোঃ শফিকুর রহমান প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	২৩/০৭/২০১৪	২৬/০৬/২০১৬
২।	জনাব বিমান চন্দ্র মানী প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	২৭/০৬/২০১৬	২৮/৮/২০১৭
৩।	জনাব মো: আসাদুজ্জামান মোল্লা প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	০৫/১০/২০১৭	১৭/১২/২০১৮
৪।	জনাব সুজন সাহা প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	না	১৭/১২/২০১৮	৩০/০৬/২০১৯

৭.৫ প্রকল্পের মূল কার্যক্রম :

- বিতরণ লাইন নির্মাণ কি ৮৫০০-:মি(পুনর্বাসন/নবায়ন :মি :কি ৮০০ এবং :মি:কি ৭৭০০ নতুন) :;
- ৩৩নতুন উপকেন্দ্র নির্মাণ কেভি ১১/-১২টিএমভিএ ৮০-মোট ;;

গ্রাহক সংযোগ-৩.২৫ লক্ষ।

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

Budget head	Economic code	Code description	Target (As per RDPP)			Actual Progress		
			Financial	Physical Qnt/Unit		Financial	Physical Qnt/Unit	
1	2	3	4	5		6	7	
a. Revenue component								
	4501	Pay of Officers	180.84	28	Person	150.37	16	Person (Expenditure incured against new recruited)
	4601	Pay of Employees	165.89	46	Person	109.17	25	Person (Expenditure incured against new recruited and out-sourced manpower)
	4700	**Allowances**						
	4701	Dearness Allowance	0.55	74	Person	0.55	41	Person
	4705	Housing Allowance	189.74			127.04		
	4713	Festival Allowance	70.13			45.14		
	4717	Medical Allowance	37.45			27.00		
	4755	Tiffin Allowance	3.55			2.41		
	4765	Transport Allowance	5.08			0.70		
	4795	Others Allowance (Gratuity, Deputation & other Allowance)	153.09			76.16		
	4800	**Supplies & Services**		-				
	4801	Travelling Allowance	115.20	-	LS	86.47		LS
	4806	Office Rent	0.00		LS	0		LS
	4816	Telephone	11.91		LS	6.22		LS

Budget head	Economic code	Code description	Target (As per RDPP)			Actual Progress		
			Financial	Physical Qnt/Unit		Financial	Physical Qnt/Unit	
1	2	3	4	5		6	7	
	4819	Water & Sewerage	5.51		LS	0.01		LS
	4821	Electricity	8.54	-	LS	3.04		LS
	4822	Gas & Fuel	5.50	-	LS	0		LS
	4823	Petrol & Lubricant for Vehicle	56.87	Jeep-3 No, Pickup-3 nos. (Double Cab with Canopy) M.cycle-10)		36.66	Jeep-2 No, Pickup-3 nos. (Double Cab with Canopy) M.cycle-10)	
	4827	Printing & Publication	149.13		LS	88.88		LS
	4828	Stationery, Seal & Stamps	40.46		LS	22.80		LS
	4840	Training	20.00	-	400 person	0	-	400 person
	4845	Entertainment	8.78	-	LS	2.03	-	LS
	4846	Transportation & Landing Charge	1360.00		LS	871.98		LS
	4874	Consultant for Engineering Design & Supervision	1734.00	###	Man-month	1658.85	4,000	Man-month
	4883	Honourium	30.99	LS		23.55	LS	
	4885	Inspection & Testing Fee	21.99	LS		0.22	LS	
	4899	Misc. revenue expenditure	34.51	LS		18.07	LS	
	4900	**Maintenance & Rehabilitation**		-			Jeep-2 No, Pickup-3 nos. (Double Cab with Canopy) M.cycle-10)	
	4901	Vehicle	20.00	Jeep-3 No, Pickup-3 nos. (Double Cab with Canopy) M.cycle-10)		19.20		
	4906	Furniture	2.92		LS			LS
	4916	Computer & Office Equipment	4.00		LS	0.67		LS
	4991	Others	4.31	-	LS	0.11		LS

Budget head	Economic code	Code description	Target (As per RDPP)			Actual Progress		
			Financial	Physical Qnt/Unit		Financial	Physical Qnt/Unit	
1	2	3	4	5		6	7	
(a) Sub-Total (Revenue component):			**4440.94**			**3377.30**		
b. Capital component								
	6800	**Asset Procurement**		-				
	6807	Transport Vehicle	382.14	Jeep-3 No, Pickup-3 nos. (Double Cab with Canopy) M.cycle-10)		302.14	Jeep-2 No, Pickup-3 nos. (Double Cab with Canopy) M.cycle-10)	
	6827	Equipment & Materials	100617.64		Lot	92552.60		Lot
	6815	Computer & Accessories	10.11	18	Set	9.32		Set
	6821	Furniture	9.60		LS	5.39	LS	
	6851	Others	8.80		LS	7.00	LS	
	6900	**Land Aquisition/Purchase**						
	6901	Land Acquisition	990.00	11.20	Acre	870.44	10.80	Acre
	7000	**Construction & Works**						
	7056	Erection & Installation of Electrical Line & Substation	0.00	-				
		(i) Electrical Line	9265.00	Distribution Line-8,500 km		8540.30	Distribution Line-8,504 km	

Budget head	Economic code	Code description	Target (As per RDPP)			Actual Progress		
			Financial	Physical Qnt/Unit		Financial	Physical Qnt/Unit	
1	2	3	4	5		6	7	
		ii) Supply, Installation, Testing & Commissioning of 33/11 Kv Substation with Bay-Breaker at the respective Grid Substations (Including Land Development)	21750.00	S/S New-30 Nos.		19414.92	S/S New-30 Nos.	
		iii) Augmentation of Existing sub-station	221.52	S/S Augment-12 Nos.		200.21	S/S Augment-12 Nos.	
	7981	Miscellaneous Capital Expenditure	24.04			8.56		
(b) Sub-Total (Cabital component):			133278.85			121910.89		
c. Price Contingency			800.21	Approx. 0.5776% of total base cost		0.00		
Total Project Cost (a+b+c):			138520.00			**125288.19**		
Grand Total (a+b+c) :			138520.00			**125288.19**		

৯.০ পর্যবেক্ষণঃ

৯.১ প্রকল্পের আওতায় ৮৫০০ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণের সংস্থান ছিল; যার বিপরীতে ৮৫০৪ কিঃ মিঃ লাইন নির্মাণ করা হয়েছে।

৯.২ প্রকল্পের আওতায় ৩০টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ করার সংস্থান ছিল; যার বিপরীতে সব কয়টি উপকেন্দ্র নির্মাণ ও বিদ্যুতায়ন করা হয়েছে। ফলশ্রুতিতে ৩০০ এমভিএ বিদ্যুৎ সরবরাহ সুবিধা সৃষ্টি হয়েছে।

৯.৩ প্রকল্পের আওতায় ১২টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র আপগ্রেডেশন করে ৮০ এমভিএ বিদ্যুৎ সরবরাহ সুবিধা সৃষ্টির সংস্থান ছিল; যার বিপরীতে সব কয়টি উপকেন্দ্র আপগ্রেডেশন করা হয়েছে এবং ৯৫ এমভিএ বিদ্যুৎ সরবরাহ সুবিধা সৃষ্টি হয়েছে।

৯.৪ প্রকল্পের আওতায় ৩,২৫,০০০ (তিন লক্ষ পচিশ হাজার) জন গ্রাহক সংযোগের সংস্থান ছিল; যার বিপরীতে ৩,২৫,০০০ (তিন লক্ষ পচিশ হাজার) গ্রাহক সংযোগ দেয়া হয়েছে এবং ৪,৭৯,১৬৫ জন গ্রাহক সংযোগের সুবিধা সৃষ্টি হয়েছে।

৯.৫ সরেজমিনে বিতরণ লাইন পরিদর্শন করে দেখা যায় প্রয়োজনীয় স্থানে অ্যাংকর লগ ব্যবহার হয়েছে । ট্রান্সফরমার ওয়্যারিং এ কপার তার ব্যবহার হয়েছে । ট্রান্সফরমার ও পোল যথাযথ ভাবে গ্রাউন্ডিং করা আছে । লাইটনিং এ্যারেস্টার বা ড্রপআউট ফিউজ আছে । জাম্পার গুলোতে কানেক্টর ব্যবহার হইছে । অধিকাংশ পোলের মার্কিং অস্পষ্ট বা বোঝা যায় না। পোল নাম্বারিং থাকার কথা থাকলে কোন পোল নাম্বারিং পাওয়া যায় নাই।

৯.৬ প্রকল্প এলাকায় একই সাথে বিভিন্ন প্রকল্প চলমান রয়েছে। একই ঠিকাদারের নিকট বিভিন্ন প্রজেক্টের একাধিক লাইন নির্মাণ কার্যাদেশ বিদ্যমান। কোন প্রকল্পের মালামালের গায়ে প্রকল্পের নাম লেখা থাকেনা। একই সাথে একাধিক কার্যাদেশ থাকায় একাধিক কার্যাদেশের মালামাল ঠিকাদার উঠিয়ে নেয়। এক প্রকল্পের মালামাল অন্য প্রকল্পে সহজেই ঠিকাদার ব্যবহার করতে পারে। মালামালের গায়ে প্রকল্পের নাম থাকলে (বিশেষ করে পোল, ট্রান্সফরমার, মিটার, মিটার সিল, লাইটনিং এ্যারেস্টার, ড্রপআউট ফিউজ) গ্রাহক হয়রানি ও অনিয়ম অনেক কমে যাবে।

৯.৭ রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতিতে ৫০০ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণের সংস্থান ছিল; যার বিপরীতে ৪৮৬.৫৮ কিঃ মিঃ লাইন নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ৭৭৯ টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে।

১০.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন এলাকায় ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতির (পবিস) মাধ্যমে গ্রামীণ এলাকায় বিদ্যুৎ বিতরণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠির অর্থনৈতিক উন্নয়ন।	➢ রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন এলাকায় ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতির (পবিস) মাধ্যমে গ্রামীণ এলাকায় বিদ্যুৎ বিতরণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠির অর্থনৈতিক উন্নয়ন সাধিত হয়েছে।
➢ বিদ্যুতায়ন সম্প্রসারণ ও অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন।	➢ বিদ্যুতায়ন সম্প্রসারণ ও অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা সম্ভব হচ্ছে।

১১.০ সুপারিশঃ

১১.১ নতুন নির্মিত ৮৫০০ কিলোমিটার লাইন ও ৩০টি নতুন উপকেন্দ্র রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করার জন্য লোকবল নিয়োগ করা যেতে পারে;

১১.২ প্রয়োজন অনুযায়ী সঞ্চালন লাইনের ক্ষমতা বৃদ্ধি বা নতুন সঞ্চালন লাইন নির্মাণের জন্য পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর সাথে যোগাযোগ করা যেতে পারে;

১১.৩ প্রকল্প এলাকায় একই সাথে বিভিন্ন প্রকল্প চলমান রয়েছে। একই ঠিকাদারের নিকট বিভিন্ন প্রজেক্টের একাধিক লাইন নির্মাণ কার্যাদেশ বিদ্যমান। কোন প্রকল্পের মালামালের গায়ে প্রকল্পের নাম লেখা থাকেনা। একই সাথে একাধিক কার্যাদেশ থাকায় এক প্রকল্পের মালামাল অন্য প্রকল্পে সহজেই ঠিকাদার ব্যবহার করতে পারে। মালামালের গায়ে প্রকল্পের নাম থাকলে (বিশেষ করে পোল, ট্রান্সফরমার, মিটার, মিটার সিল, লাইটনিং এ্যারেস্টার, ড্রপআউট ফিউজ) গ্রাহক হয়রানি ও অনিয়ম অনেক কমে যাবে।

১১.৪ বিতরণধর্মী প্রকল্পসমূহে লক্ষ্য করা গেছে যে উপকেন্দ্র নির্মাণ করার কাজটি সর্বাধিক প্রলম্বিত হয় এবং এই কারণেই অধিকতর ক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি পায়। প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে বাস্তবায়ন সমাপ্ত করার জন্য উপকেন্দ্রসমূহ নির্মাণ কাজ ত্বরান্বিত করতে হবে;

১১.৫ উপকেন্দ্রের ক্ষমতাবর্ধনের জন্য কোন ভুমি অধিগ্রহণের প্রয়োজন হয়না। বিতরণধর্মী প্রকল্পের ক্ষেত্রে উপকেন্দ্রের ক্ষমতাবর্ধনের কাজগুলি অগ্রাধিকারভিত্তিতে সম্পন্ন করা যেতে পারে;

১১.৬ বিতরণ লাইন নির্মাণ এবং গ্রাহক সংযোগের অগ্রগতির সাথে পল্লী বিদ্যুৎ সমিতির আওতাভুক্ত ভৌগলিক এলাকার উপকেন্দ্রেসমূহের মোট ক্ষমতাবর্ধনের সামঞ্জস্য থাকা বাঞ্চনীয় যাতে উপকেন্দ্রগুলি ওভার লোডেড না হয়;

১১.৭ অনুচ্ছেদ ১১.১-১১.৬ এর আলোকে গৃহীত কার্যাবলীর বিষয়ে আইএমইডি'কে শীঘ্র অবহিত করতে হবে।

খুলনা কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৯)

১. প্রকল্পের নামঃ খুলনা কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (২য় সংশোধিত)

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকাঃ খুলনা জেলার বাগেরহাট উপজেলার রামপালে ।

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৫০০.০০ ৫৫০০.০০	২৩৮৬৯.৮১ ২৩৮৬৯.৮১	২৩১৯৯.৮৯ ২৩১৯৯.৮৯	জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৫	জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৯	জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৯	৩২১.৮২%	৩ (তিন) বছর ৬ (ছয়) মাস (১৭৫%)

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ **পটভুমি:**

সরকার দেশকে বিদ্যুতে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান (PSMP) ২০১৬ এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় বিদ্যুতের উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন কর্মসূচী গ্রহণ করেছে। এ পরিকল্পনায় বাগেরহাট জেলার চালনা নদীবন্দরে পূর্ব তীরে বাংলাদেশ ভারত যৌথ কোম্পানী (বাংলাদেশ ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি প্রাঃ লিমিটেড) কর্তৃক কয়লাভিত্তিক "২x৬৬০ মেঃওঃ মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট" বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। বিদ্যুৎ কেন্দ্রের সাথে সংযোগ স্থাপনের জন্য ২ লেনের ব্রিজ/কালভার্টসহ ২ লেন বিশিষ্ট ৬ কিঃমিঃ রাস্তা নির্মাণের জন্য মোট ৫৫.০০ কোটি টাকা (জিওবি ৫৪.২৪ কোটি ও পিডিবি'র নিজস্ব ০.৭৬ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মূল প্রকল্পটি ২৬/০১/২০১৪ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে রাস্তাটি ২ লেনের পরিবর্তে ৪ লেনে উন্নীতকরণ ও উভয় পার্শ্বে একটু নিচু করে ধীর গতির যান চলাচলের পৃথক রাস্তার সংস্থান রেখে মোট ২৩৯.৬৭ কোটি টাকা (জিওবি ২৩৮.৪৬ কোটি ও পিডিবি'র নিজস্ব ১.২১ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে ১ম সংশোধিত প্রকল্পটি ৮/৩/২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। এখন সড়ক নির্মাণ ও জমি অধিগ্রহণ অঙ্গের ব্যয় হ্রাস বৃদ্ধিপূর্বক মোট ২৩৮.৭০ কোটি টাকা (জিওবি ২৩৭.৪৯ কোটি ও

পিডিবি'র নিজস্ব ১.২১ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানূয়ারি ২০১৪ হতে জুন ২০১৯ মেয়াদে ২য় সংশোধিত প্রকল্পটি অনুমোদিত হয়।

৭.২ **উদ্দেশ্য:**

- নির্মানাধীন ২X৬৬০ মেঃওঃ মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট বাগেরহাটের রামপালে নির্মিতব্য খুলনা কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের সংযোগ সড়ক নির্মাণ;
- প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণের জায়গায় প্রবেশ এবং পরিবহণ সুবিধা তৈরী;
- প্রকল্প এলাকায় পাশ্ববর্তী গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি।

৭.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

প্রকল্পটি মোট ৫৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২৬/০১/২০১৪ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে রাস্তাটি ২ লেনের পরিবর্তে ৪ লেনে উন্নীতকরণ ও উভয় পার্শ্বে একটু নিচু করে ধীর গতির যান চলাচলের পৃথক রাস্তার সংস্থান রেখে মোট ২৩৯.৬৭ কোটি টাকা (জিওবি ২৩৮.৪৬ কোটি ও পিডিবি'র নিজস্ব ১.২১ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে ১ ম সংশোধিত প্রকল্পটি ৮/৩/২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। এখন সড়ক নির্মাণ ও জমি অধিগ্রহণ অঙ্গের ব্যয় হ্রাস বৃদ্ধিপূর্বক মোট ২৩৮.৭০ কোটি টাকা (জিওবি ২৩৭.৪৯ কোটি ও পিডিবি'র নিজস্ব ১.২১ কোটি) প্রাক্কলিত ব্যয়ে জানূয়ারি ২০১৪ হতে জুন ২০১৯ মেয়াদে ২য় সংশোধিত প্রকল্পটি অনুমোদিত হয়।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** নিম্নোক্ত ৪ (চার) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন/করছেন:

ক্রমিক নং	নাম ও পদবী	দায়িত্বের ধরণ	একাধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত আছেন কিনা	প্রকল্প পরিচালক হিসেবে মেয়াদ	
				শুরু	শেষ
১।	মোঃ আব্দুল মজিদ প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)	পূর্ণকালীন	হ্যাঁ	২৫/০৮/২০১৫	০৭/০৯/২০১৬
২।	মোঃ আব্দুল মজিদ প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ)	পূর্ণকালীন	হ্যাঁ	০৮/০৯/২০১৬	২০/০৪/২০১৭
৩।	মোঃ সালাহউদ্দিন আল-মামুন প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব)	খন্ডকালীন	হ্যাঁ	২০/০৪/২০১৭	১৪/০৫/২০১৭
৪।	মোঃ জাহাঙ্গীর আলম প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)	পূর্ণকালীন	হ্যাঁ	১৪/০৫/২০১৭	১১/০২/২০১৮
৫।	এবিএম আনোয়ারুল আজিম প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	হ্যাঁ	১৪/০২/২০১৮	চলমান

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

Items of work (as per RDPP)	Unit	Target (as per DPP)		Actual Progress		Reasons for deviation(±)
		Financial	Physical (Quant.)	Financial	Physical (Quant.)	
1	2	3	4	5	6	7
Revenue Part						
Pay of Officer	Person	26.36	3	23.58	3	Expenditure Incurred as per actual requirement
Pay of Staffs	Person	9.00	2	8.28	2	
Allowances	Person	35.87	5	23.98	5	
Supply and Services	LS	25.00	LS	17.77	LS	
Repair, Maintenance& Rehabilitation	LS	25.00	LS	00.00	LS	
Sub-Total Revenue		**121.23**		**73.61**		
Capital Part						
Photocopier	No.	3.98	1	3.98	1	Expenditure Incurred as per actual requirement
Computer	No.	1.74	2	1.74	2	
Purchase of A/C and Repair (For Computer room)	No.	1.20	1	1.19	1	
Fax Machine	No.	0.70	1	0.70	1	
Tree Plantation& Nurture	KM	10.50	6	10.50	6	
Land Acquisition	Acres	1052.06	64.951	1052.06	64.951	
Professional/Consultant fee	%	305.40	2	155.02	2	
Construction of 4 lane road with slow moving vehicle road on both sides	KM	21688.80	6	21632.11	6	
Survey, Sub-soil investigation, Hydro-Morphological Study, EIA Study, Environmental Clearance, drawing, design & Supervision Charges	LS	310.00	LS	268.98	LS	
Sub-Total Capital		**23374.38**		**23126.28**		
Physical Contingency	LS	274.20	LS	00		
Price Contingency	LS	100.00	LS	00		
Grand Total		**23869.81**	**-**	**23199.89**	**100**	

৯.০ পর্যবেক্ষণঃ

৯.১ প্রকল্প পরিদর্শন করে দেখা যায় যে, বর্তমানে মাঠ পর্যায়ে পূর্ণ উদ্যমে কাজ চলমান আছে। দুই লেন বিশিষ্ট ৬ কিঃ মিঃ রাস্তা নির্মাণের কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। ৪৮ মিটার, ২৪ মিটার ও ৭৫ মিটার দৈর্ঘের ৩টি ব্রিজ নির্মাণকাজ

সম্পন্ন হয়েছে। ৯টি কালভার্ট নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। রাস্তার green belt স্থাপনের জন্য বনায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

৯.২ প্রকল্প এলাকার মাটি অত্যন্ত নরম এবং মাটিতে কাদার পরিমাণ খুব বেশি বিধায় রাস্তা নির্মাণ কাজে স্যান্ড পাইল পদ্ধতি ব্যবহার করা হয়েছে। বর্ষা মৌসুমে অতিরিক্ত বৃষ্টির কারণে রাস্তা পিচ্ছিল হয়ে যাওয়াতে ভারী ইকুইপমেন্ট চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়।

৯.৩ কাজের গুনগত মান রক্ষার জন্য সকল নির্মাণ সামগ্রী বাগেরহাট এরজিইডি'র ল্যাবরেটরি ও সাইটে স্থাপিত ল্যাবরেটরি হতে প্রতিনিয়ত পরীক্ষা করা হচ্ছে। কিছু কিছু নির্মাণ সামগ্রী BUET ও KUET হতে পরীক্ষা করা হয়েছে।

১০.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকা)

Description of procurement (goods/works /consultancy) as per bid document	**Tender/Bid/Proposal Cost (in crore Taka)**		**Tender/Bid/Proposal**		**Date of completion of works/services and supply of goods**	
	As per DPP	**Contracted value**	**Invitation date**	**Contract signing/ L.C opening date**	**As per contract**	**Actual**
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
Works :						
Construction of Khulna Coal Based Power Plant Connecting Road at Baburbari from khulna-Mongla Highway, Rampal, Bagerhat	97.33	100.16	27.08.14	30.01.15	30.12.15	28.02.16
Construction of 4 Lane Road with 2 slow moving lanes	119.55	119.55	23.02.17	27.11.17	30.06.19	30.06.19
Services :						
Professional/ Consultant fee	3.05	1.55	18.11.14	03.02.15	30.06.19	30.06.19
Survey, Sub-Soil Investigation, Hydro-morphological study, EIA, Environment Clearance, Drawing, Design & Supervision Charge	3.10	2.69	10.03.14	30.6.14	30.06.19	30.06.19

১১.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ নির্মাণাধীন ২ X ৬৬০ মেঃওঃ মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট বাগেরহাটের রামপালে নির্মিতব্য খুলনা কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের সংযোগ সড়ক নির্মাণ;	➢ নির্মাণাধীন ২X৬৬০ মেঃওঃ মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট বাগেরহাটের রামপালে নির্মিতব্য খুলনা কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের সংযোগ সড়ক নির্মাণ কার্যক্রম সম্পন্ন হয়েছে;
➢ প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণের জায়গায় প্রবেশ এবং পরিবহণ সুবিধা তৈরী;	➢ প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণের জায়গায় প্রবেশ এবং পরিবহণ সুবিধা তৈরী করা হয়েছে;
➢ প্রকল্প এলাকায় পাশ্ববর্তী গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি।	➢ প্রকল্প এলাকায় পাশ্ববর্তী গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

১২.০ সুপারিশঃ

১২.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক অধিগ্রহণকৃত রাস্তার সীমানা নির্ধারণী পিলারের যথাযথ পরিমাপ লিপিবদ্ধ রাখতে হবে যাতে করে অবৈধভাবে কেউ সীমানা খুঁটি তুলে ভূমি দখল করেত না পারে;

১২.২ এলজিইডি'র ঠিকাদার জুন ২০২০ পর্যন্ত রাস্তার রক্ষণাবেক্ষণ করবে। এর পর বিউবো'র নিকট হস্তান্তরিত রাস্তার নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য বিউবো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে Performance Based Maintenance Contractor (PBMC) দ্বারা দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের বিষয়ে বিউবো বেবেচনা করতে পারে;

১২.৩ সড়কবাতির বৈদ্যুতিক সংযোগ কিভাবে হবে এবং বিদ্যুৎ বিল কে প্রদান করবে সেটা বিউবো কর্তৃক নির্ধারণ করতে হবে;

১২.৪ নির্মিত যাত্রী ছাউনির দোকান বিউবো কর্তৃক বরাদ্দ প্রদান করতে হবে;

১২.৫ টায়ারবিহীন কোন লোহার চাকার গাড়ী যেন সড়কে চলাচল করে রাস্তার কার্পেটিংয়ের ক্ষতি করতে না পারে সে বিষয়ে বিউবো কর্তৃক রাস্তায় চলাচলকারী গাড়ীর Traffic Management করতে হবে;

১২.৬ রাস্তায় যত্রতত্র চায়ের দোকান যেন গড়ে উঠতে না পারে সে বিষয়টি খোয়ল রাখতে হবে;

১২.৭ নির্মিত ব্রিজের উপর ওজনবাহী ট্রাক যেন দীর্ঘসময় পাকিং করে না রাখে সে বিষয়ে বিউবো কর্তৃক ব্যবস্থা নিতে হবে; এবং

১২.৮ অনুচ্ছেদ ১২.১-১২.৭ এর আলোকে গৃহীত কার্যাবলীর বিষয়ে আইএমইডি'কে শীঘ্র অবহিত করতে হবে।

মুন্সীগঞ্জ জেলায় ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন প্রকল্প শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম "মুন্সীগঞ্জ জেলায় ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন
প্রকল্প"

২. প্রকল্পের ধরণ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): জিওবি ও স্ব-অর্থায়ন।

৩.২ উন্নয়ন সহযোগী : প্রযোজ্য নয়।

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ বিজ্ঞাখস মন্ত্রণালয়, বিদ্যুৎবিভাগ

৪.২ বাস্তবায়নকারীসংস্থাঃ ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি)লিঃ

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৮৩২৯৩৪.	২৬৯৮০২১.	-	১৩৪৯.১৩				
সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রযোজ্য নয়।							
সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে)								
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় .....প্রযোজ্যক্ষেত্রে)								

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%):প্রযোজ্য নয়।

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

বিভাগ	জেলা	উপজেলা	সিটিকর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	মুন্সীগঞ্জ	মুন্সীগঞ্জ সদর ও গজারিয়া		

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- ✓ ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় ২৯৭.৮৫ একর ভূমি অধিগ্রহণ ও পূনর্বাসনের ব্যবস্থাকরণ এবং ক্ষতিগ্রস্থ ভূমির মালিকদের ক্ষতিগ্রস্থ ভূমির মালিকদের ক্ষতিপূরণ প্রদান।
- ✓ বর্ণিত ভূমি ডিমারকেশন করা।

- ✓ প্রকল্পের ডিটেইল ফিজিবিলিটি স্টাডি, ইআইএ, এসআইএ ইত্যাদি করা।
- ✓ দক্ষ জনবল তৈরী করা।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮. অঙ্গভিত্তিকঅগ্রগতি:

(লক্ষ টাকা)

ক্র: নং	অঙ্গেরনাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		সর্বশেষ ৩০জুন পর্যন্ত ক্রম পুঞ্জিত অগ্রগতি		চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতী	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক (পরিমাণ /সংখ্যা)	বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	Pay of Officers	6 Nos.	০.০০৩৩	৯৩.৭৬	০.০০	৩.৪৩	০.০০	৪৫.১৬	০.০০	২২.৩০৭
	Pay of Staffs	5 Nos.	০.০০১৮	৫২.০৭	০.০০	০.০০	০.০০	১৪.৮৮	০.০০	০.০০
	Allowances	L.S	০.০০৩৮	১০৬.৬৭	০.০০	৫.৫০	০.০০	৯২.৩৫	০.০০	৪১.২৪১
২।	Supplies & Services	L.S	০.০০১১	৩১.৮৫	০.০০	২.০০৬	০.০০	১৪.৪৪০	০.০০	৮.০৬৮
৩।	Rentals- Non Residential (Office Rent) (Appen-5, Page-25)	L.S	০.০০১২	৩৩.০০	০.০০	০.০০	০.০০	১২.০০	০.০০	০.০০
৪।	Repairs, Maintenance	L.S	০.০০০২	৭.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২.০৬৭
৫।	Land Acquisition	300 Acres	০.৭৬৬৩	২১৭০৯.২৩	৫.০০	০.০০	৯৫.০০	১৪৫০০.০০	২৪.০০	১৭২১৮.৭৬৮
৬।	Resettlement & Rehabilitation	50 House hold	০.০৮৮২	২৫০০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৭।	Construction Works (Non-residential)	L.S	০.০০১৬	৪৬.০৫	০.০০	০.০০	০.০০	২.০০	০.০০	০.০০
৮।	Consultancy service (FS, EIA, SIA, DIA, Resettlement & River Morphology Study)	190 Man Months	০.০৭১৮	২০৩৩.০০	০.০০	০.০০	০.০০	৫০০.০০	০.০০	০.০০
৯।	Transport - Vehicles	2 Nos.	০.০০২০	৫৭.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫২.০৯৬
১০।	Interest during construction @ 3% p.a. on GOB fund considering 60% equity	2 Years	০.০২১৭	৬১৩.৭৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০.৭৫৬
১১।	VAT & AIT for Consultancey Service (@	25%	০.০১৭৯	৫০৮.২৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০

ক্র: নং	অঙ্গোরনাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		সর্বশেষ ৩০জুন পর্যন্ত ক্রম পুঞ্জিত অগ্রগতি		চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতী	
			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক (পরিমাণ /সংখ্যা)	বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	25% of consultancy service)									
১২।	Price Contingency (@ 2% of Direct Cost)	2%	০.০১৯০	৫৩৭.৭৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
সর্বমোট				২৮৩২৯.৩৪						১৭৩৬০.৩০২

৯. অর্থবছরভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা: প্রযোজ্য নয়।

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি/টিপিপিসংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থছাড় (%)	প্রকল্প ব্যয় (%)
২০১৬-১৭	২৫৭৪৩.০৮	১.০	-	-
২০১৭-১৮	২৫৮৬.২৬	১	-	-
২০১৮-১৯	২৫৮৬.২৬	১৮০০০	১৭২১৮.৭৬৮	১৭২১৮.৭৬৮

১০. (ক) ডিপিপি/টিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ (১.২.৩....)	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিতমূল্য	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পন্যঃ **1.** Land Acquisition, **2. (a)** Double Cabin Pickup, **2. (b)** Motor Cycle	১ নং প্যাকেজের আওতায় ১৪/০৩/২০১৯ তারিখে ১৯৩.৯৮৫ একর জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক মুন্সীগঞ্জ ১৭২,১৮,৭৬,৮১৫.০০ (একশত বাহাত্তর কোটি আঠার লক্ষ ছিয়াত্তর হাজার আটশত পনের) টাকার প্রাক্কলন প্রদান করেছে। ১২/০৬/২০১৯ তারিখে মুন্সীগঞ্জ জেলা প্রশাসক বরাবর এজি অফিস হতে ১৭২,১৮,৭৬,৮১৫/- টাকার চেক ইস্যু করা হয় এবং ১৩/০৬/২০১৯ তারিখে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর উক্ত চেক প্রদান করা হয়। নিজস্ব অর্থায়নে ২ নং প্যাকেজের আওতায় ডাবল কেবিন পিকআপ ১৩/০৫/২০১৯ তারিখে ক্রয় করা হয়েছে।				
কার্যঃ **1.** Land Demarcation	জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় কাজটি সম্পন্ন করা সম্ভব হয় নাই। পিএসসি এর সুপারিশ অনুযায়ী ইজিসিবি'র নিজস্ব অর্থায়নে পরবর্তীতে কাজটি সম্পন্ন করা হবে।				
সেবাঃ **1.** Consultancy Service for Resettlment Work, **2.** Consultancy Service for EIA, SIA, DIA & Feasibility Study including Geotechnical investigation. **3.** River Morphology Study from Sandip Channel to Munshiganj Project Site.	ঐ				

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যা/না	প্রকল্প সংখ্যা
EGCB ID No.02-010	সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন)	২৩/০২/২০১৭ হতে বর্তমান	অতিরিক্ত	না	-

১২. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):

ভূমি অধিগ্রহণ সংক্রান্ত হালনাগাদ তথ্য:

১১/৮/২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। ইজিসিবি লিঃ থেকে সংশ্লিষ্ট প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য একটি প্রস্তাব জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর দাখিল করা হয়। ০৫/০১/২০১৭ তারিখে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ থেকে কতিপয় অবজারভেশন সহ নতুন প্রস্তাবের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে সরেজমিনে পরিদর্শন পূর্বক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর পরামর্শক্রমে ২৭/০৩/২০১৭ তারিখে ৩৫৫.৫৪ একর জমির জন্য পুনঃপ্রস্তাব দাখিল করা হয়। ০৪/০৫/২০১৭ তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সহ অন্যান্য কর্মকর্তাগণের সমন্বয়ে সরেজমিনে পরিদর্শন ও প্রতিবেদন দাখিলের প্রেক্ষিতে ১২/০৬/২০১৭ তারিখে মুন্সীগঞ্জ জেলা ভূমি বরাদ্দ কমিটি বর্ণিত প্রকল্পের জন্য ২৯৭.৮৫ একর জমি প্রশাসনিকভাবে অনুমোদন করে।

পরবর্তীতে ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭ জারী হওয়ায় বর্ণিত প্রকল্পের ভূমি অধিগ্রহণ নতুন আইন অনুযায়ী অনুসরনীয় হবে। ৩০/০১/২০১৮ তারিখে ৩ ধারার পরিবর্তে ৪ ধারা নোটিশ ইস্যু হয় এবং যৌথ তদন্ত ১২/০২/২০১৮ তারিখে সম্পন্ন হয়। ১৬/০৫/২০১৮ তারিখে যৌথ তদন্তের প্রতিবেদন মোতাবেক ১৯৩.৯৮৫০ একর জমি অধিগ্রহণের জন্য সংশোধিত প্রস্তাব ইজিসিবি লিঃ হতে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর প্রেরণ করা হয়। ২৭/১২/২০১৮ তারিখে ১৯৩.৯৮৫ একর জমি অধিগ্রহণের প্রস্তাবটি চূড়ান্ত অনুমোদনের জন্য ভূমি মন্ত্রনালয় থেকে প্রধান মন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয় এবং ০৮/০১/২০১৯ তারিখে তা অনুমোদিত হয়। ১৪/০১/২০১৯ তারিখে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ -এর ৬(১) ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বর্ণিত প্রকল্পের জন্য ১৯৩.৯৮৫ একর ভূমি অনুমোদন করে। ১৮/০৩/২০১৯ তারিখে জেলা প্রশশাসক বর্ণিত ভূমির জন্য প্রাক্কলন প্রদান করেন। প্রাক্কলিত অর্থ বাবদ ১৭২,১৮,৭৬,৮১৫/- (একশত বাহাত্তর কোটি আঠার লক্ষ ছিয়াত্তর হাজার আটশত পনের) টাকা। যার মধ্যে সাব-রেজিষ্টার অফিসের ভূমি ক্রয় বিক্রয় দাখিলের মূল্য, গণপূর্ত বিভাগ কর্তৃক অবকাঠামোর মূল্য, বন বিভাগ কর্তৃক গাছপালার মূল্য, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ফসলের মূল্য অর্ন্তভূক্ত। প্রকল্পের আরএডিপি ২০১৮-১৯ অনুমোদিত হয়েছে এবং জমি অধিগ্রহণ বাবদ ১৮০ কোটি টাকা অর্থ ছাড়ের প্রস্তাব ২৮/০৩/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

১১/০৪/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে অর্থ বিভাজন অনুমোদন হয়। ২৪/০৪/২০১৯ তারিখে পরিকল্পনা কমিশনে এককালীন অর্থছাড়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করে। ২৯/০৪/২০১৯ তারিখে পরিকল্পনা মন্ত্রনালয় হতে অর্থছাড়ের অনুমোদন প্রাওয়া যায়। ০৯/০৫/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগ থেকে অর্থ বিভাগের সম্মতির জন্য নথি প্রেরণ করা হয়। ২২/০৫/২০১৯ তারিখে অর্থ বিভাগের অনুমোদন/সম্মতি পাওয়া যায়। ১১/০৬/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে জিও প্রাপ্তি। ১২/০৬/২০১৯ তারিখে মুন্সীগঞ্জ জেলা প্রশাসক বরাবর এজি অফিস হতে ১৭২,১৮,৭৬,৮১৫/- টাকার চেক ইস্যু করা হয়। ১৩/০৬/২০১৯ তারিখে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ কর্তৃক ১৭২,১৮,৭৬,৮১৫/- টাকার চেক গ্রহণ করা হয়। ৩০/০৬/২০১৯ তারিখে প্রকল্পের মেয়াদ শেষ হয় এবং ৩০/০৯/২০১৯ এ অত্র প্রকল্পের পিসিআর বিদ্যুৎ মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়।

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য: *অডিট করা হয় নাই।*

১৪. **ষ্টিয়ারিং**/পিআইসি সভা সংক্রান্ত: *ষ্টিয়ারিং কমিটির ২য় সভা ১০/০৩/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়।*

১৫. Project Management Information System (PMIS)/ অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে):

<u>প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ</u>

১৬. (ক) পরিদর্শনকৃত এলাকা: *মুন্সীগঞ্জ জেলা*
(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: জনাব এস.এম নাজিম উদ্দিন, পরিচালক, আইএমইডি *ও ০১/০৩/২০১৮*

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:
(ক) অঙ্গ ভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএিপপি'র সংস্থান প্রতিপালন: জমি অধিগ্রহণের কাজ করা হয়েছে তবে *অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয় নাই।*

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: পন্য তথা জমি অধিগ্রহণের কম্পোনেন্ট বাস্তবায়ন করা হচ্ছে তবে কার্য ও সেবা ক্রয়ের কার্যক্রম ব্যতিরেকে প্রকল্প সমাপ্ত করা হচ্ছে।

(গ) গুনগতমান (প্রয়োজনে ল্যাব টেষ্টিং এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত): *প্রযোজ্য নয়।*

- সম্পাদিত কাজ :
- ব্যবহৃত পণ্য/উপকরণ:

(ঘ) সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): *প্রযোজ্য নয়।*

(ঙ) বাস্তবায়নকালে উদ্ভুত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা (যদিথাকে): *প্রযোজ্য নয়।*

(চ) সুবিধা ভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে): *সুবিধা ভোগী হিসাবে ইজিসিবি জানায়* পরবর্তীতে অন্যান্য কার্যক্রম নিজস্ব অর্থায়নে নির্বাহ
করা হবে এবং এখানে পাওয়ার প্লান্ট নির্মাণ করা হবে।

(ছ) অন্যান্য বিষয় (যদি থাকে): *প্রকল্পের অন্যান্য কাজ এগিয়ে নেয়া যেতে পারে।*

১৮. সার্বিক পর্যবেক্ষণ:

১৮.১ বিগত ০৩/১২/২০১৯তারিখ অত্র প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ইঞ্জিনিয়ার মোরর্শেদ আলম ও অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

১৮.২ এই প্রকল্পে প্রধান কার্যক্রম ছিল ১। ভূমি অধিগ্রহণ ২। ল্যান্ড ডিমার্কেশন ৩। কনসালটেন্সি সার্ভিস ফর রিসেলটম্যান্ট ওর্য়াক ৪।
ফিজিবিলিটি ষ্টাডি ৫। সন্ধীপ চ্যানেল থেকে মুন্সিগঞ্জ প্রকল্প এলাকা পযর্ন্ত নদীর মোরফলোজিক্যাল ষ্টাডি।

১৮.৩ এই প্রধান কাজ সমূহের মধ্যে কেবল মাত্র ভুমি অধিগ্রহণ কাজটি এগিয়ে নেওয়া হয়েছে এবং অন্যান্য কম্পোনেন্ট/ কাজ সমূহ অসমাপ্ত রেখে ষ্টিয়ারির সুপারিশ মতে প্রকল্প সমাপ্তির প্রতিবেদন (পিসিআর)পাঠিয়েছে। তবে পরিকল্পনা কমিশনের সন্মতি গ্রহণ / অবহিত করা হয়নি দেখা যায়।

১৮.৪ ভুমি অধিগ্রহণের ক্ষেত্রে চাহিত টাকা প্রকল্প থেকে জেলা প্রশাসক সংশ্লিষ্ট তহবিলে হস্তান্তর করা হয়েছে। ভুমি অধিগ্রহণের ক্ষতিপুরণের কার্যক্রম জেলা প্রশাসন কতৃক চলমান রয়েছে। তবে এখনো দখল হস্তান্তর করা হয়নি।

১৮.৫ প্রকল্প পরিচালক জানান ষ্টিয়ারিং কমিটির পরামর্শ হতে অন্যান্য কম্পোনেন্ট সমুহ সংস্থা নিজস্ব টাকা অথবা নতুন প্রকল্পের মাধ্যমে পরবর্তীতে এগিয়ে নেয়া হবে।

১৮.৬ প্রকল্পের ব্যয়কৃত অর্থের সরকারি অডিট এখনো করা হয়নি।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:

চিত্র	বর্ণনা
	চর রমজানবেগ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
	চর মশুরা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
	প্রাক্কলন প্রস্তুতের নিমিত্ত প্রকল্প এলাকায় অবস্থিত বসতভিটার হিসাব নেওয়ার হচ্ছে।
	ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও অন্যন্যা কর্মকর্তাবৃন্দ প্রকল্প এলাকা পরিদর্শন করছেন।
	মুনসীগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ে ক্ষতিগ্রস্থ ভুমি মালিক বরাবর চেক প্রদান কার্যক্রম।

২০. সুপারিশ/মতামত:

যেহেতু প্রকল্পের উদ্দেশ্যে পুরাপুরি অর্জিত হয়নি কিন্তু মন্ত্রণালয় /বিভাগ ভুমি অধিগ্রহণ ব্যতিত অন্যান্য কম্পোনেন্টের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত করতে ইচ্ছুক তাই নিম্নলিখিত শর্তে পিসিআর অনুমোদন করা যেতে পারে।

২০.১। প্রকল্পের অন্যতম প্রধান অঙ্গ ভুমি অধিগ্রহণের চাহিত সম্পুর্ণ অর্থ জেলা প্রশাসনে সংশ্লিষ্ট তহবিলে অন্তান্তর করা হয়েছে কিন্তু অধিগ্রহণকৃত জমির দখল এখনো বুঝে পাওয়া যায়নি এবং ক্ষতি পুরণের সকল টাকা ক্ষতিগ্রহস্তদের মধ্যে বিতরণ কাজ এখনো চলমান তাই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার পক্ষে একজন উপযুর্ক্ত কর্মকর্তাকে অধিগ্রহণকৃত জমির দখল গ্রহণ ও ক্ষতিগ্রহস্ত মালিকদের ক্ষতিপুরণের বিষয়ে সমন্বয় ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সুনির্দিষ্টভাবে দায়িত্ব অর্পণ করতে হবে।

২০.২। কয়েকটি গুরুত্বপুর্ণ কম্পোনেন্ট বাদ রেখে প্রকল্প সমাপ্ত করায় এ বিষয়ে পরিকল্পনা কমিশনের অনুমোদন নেয়া বাঞ্চনীয়।

২০.৩। প্রকল্পের ব্যয়কৃত অর্থের সরকারি অডিট সম্পন্ন করার ব্যবস্থা নিতে হবে।

২০.৪। প্রকল্পের অন্তর্ভূক্ত ব্যবহৃত গাড়ী পূলে জমা দেয়ার প্রমাণক আইএমইডি ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

২০.৫। অনুচ্ছেদ ২০.১ হতে ২০.৪ পযর্ন্ত সুপারিশ/মতামতের আলোকে প্রয়োজনীয় গৃহীত ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামি ৬০ দিনের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

কেরাণীগঞ্জে বিউবো'র নিজস্ব জমির ভূমি উন্নয়ন ও সীমানা দেয়াল নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : **কেরাণীগঞ্জে বিউবো'র নিজস্ব জমির ভূমি উন্নয়ন ও সীমানা দেয়াল নির্মাণ প্রকল্প।**

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : পুলক কান্তি বড়ুয়া

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ২০/১১/২০১৯

৪। প্রকল্পের অবস্থান : ঢাকা-কেরাণীগঞ্জ।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর, জুন, ২০১৯ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৮৭৪৩.০০	৭৬৫৬.৯২	৭০৩০.৫৮	জুলাই, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৮	জুলাই, ২০১৭ থেকে জুন, ২০১৯	জুলাই, ২০১৭ থেকে জুন, ২০১৯	-৮.১৮%	৩৩.৩৩%

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :

Items of work (as per DPP)	Unit	Target (as per DPP)		Actual Progress		Remarks
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
(a) Revenue Component						
1. Pay of officers	4 Nos.	67.54	100%	0.00	0.00%	
2. Pay of staff	4 Nos.	23.12	100%	8.396	36.31%	
3. Allowance	LS	54.39	100%	0.00	0.00%	
4. Office Furniture & Other Accessories	LS	8.00	100%	4.72	59.00%	
5. Repairs, Maintenance & Rehabilitation	LS	3.75	100%	0.00	0.00%	
6. Meeting Expenditures	LS	11.52	100%	0.25	2.15%	
7. Rental Vehicle	LS	18.00	100%	14.384	79.91%	
Sub-total (Revenue Component)	**1 No**	**186.32**	**100%**	**27.75**	**14.89%**	
(b) Capital Component						
1. Land Development	1745830 cum	4102.70	100%	3936.31	95.94%	
2. River Side Slope Protection	650 rm.	229.55	100%	181.83	79.21%	
3. Boundary Wall Construction	2575 rm.	3031.94	100%	2820.81	93.04%	
4. Civil Construction (Non Residential)	LS	19.00	100%	0.00	0.00%	
5. Electricity Charge During	LS	1.00	100%	0.00	100%	

Items of work (as per DPP)	Unit	Target (as per DPP)		Actual Progress		Remarks
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
Construction						
6. Interest During Construction.	3%	86.41	100%	63.88	100%	
Sub-total (Capital Component)		7470.60	100%	7002.83	93.73%	
Total =		7656.92	100%	7030.58	91.82%	

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

১০। পটভূমিঃ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ঢাকা-মাওয়া হাইওয়ের পশ্চিম পার্শ্বে ঢাকা জেলার কেরাণীগঞ্জের উপজেলার চর গুলগুলিয়া মৌজায় ধলেশ্বরী নদীর তীরে ৯৫.০২ একর জমি অধিগ্রহণ করে। এই জমির দক্ষিণ-পূর্ব পার্শ্বে রয়েছে ১০০ মে:ও: উৎপাদন ক্ষমতার পাওয়ার প্যাক মোতিয়ারা কেরাণীগঞ্জ পাওয়ার প্ল্যান্ট লিমিটেড যা ২০১২ সালে বিদ্যুৎ উৎপাদন শুরু করে। অধিগ্রহণকৃত জমিটি বিপিডিবি কর্তৃক ব্যবহৃত হয়নি বা এটা সীমানা প্রাচীর দ্বারা সুরক্ষিত নয়। বাংলাদেশ ২০৪১ সালের মধ্যে একটি শিল্প উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। দেশের দীর্ঘ মেয়াদী অর্থনৈতিক উন্নয়নের জন্য বিদ্যুতের অবকাঠামো উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০৪১ সাল পর্যন্ত একটি কম্পপ্রিহেনসিভ জ্বালানী এবং বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনাকে সামনে রেখে পাওয়ার সিস্টেম মাস্টার প্লান (পিএসএমপি) ২০১৬-এর খসড়া প্রস্তুত করা হয়েছে। পিএসএমপি ২০১৬-এ বর্ণিত আছে যে, বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা হবে ২০১৭-তে ১১৬৩৭ মে:ও:, ২০৩০ এ ৪১৮৯০ মে:ও: এবং ২০৪১-এ ৮২২৯২ মে:ও:। বিদ্যুতের এ বিশাল চাহিদা মোকাবেলা করার জন্য বিদ্যুৎ উৎপাদনের সাথে সাথে বিদ্যুৎ সেক্টরের কর্মরত মানব সম্পদের সক্ষমতা উন্নয়নও অত্যাবশ্যকীয়। তাছাড়া, বিদ্যুৎ বিভাগের আওতায় সাম্প্রতিক গঠিত কোম্পানীগুলো তাদের জন শক্তির সক্ষমতা উন্নয়নের পর্যাপ্ত প্রশিক্ষণ সুবিধাদি নেই যা প্রতিষ্ঠানগুলোকে কার্যকরভাবে পরিচালনা করার জন্য অত্যাবর্শক। এ সমস্যা থেকে উত্তরণের জন্য বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ মন্ত্রণালয় বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) নামে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান তৈরী করেছে যার মাধ্যমে এসব জন সম্পদকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান করা যায়। এ প্রেক্ষিতে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বিপিডিবি এ অধিগ্রহণকৃত জমি থেকে বিপিএমআই-কে ২৫ একর জমি হস্তান্তর করেছে।

১১। উদ্দেশ্যঃ

এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো-ভূমি দস্যুদের হাত থেকে এ জমিটুকু রক্ষা করা। সে সাথে বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী বিপিআইএম নির্মাণ সাইট তৈরী করা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

মূল প্রকল্প অনুমোদনঃ- ০৬/০৬/২০১৭

প্রকল্প সংশোধন: - ১৪/১২/২০১৮

১৩। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য কোটি টাকা	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য কোটি টাকা	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ নং :					
ঢাকার কেরাণীগঞ্জ উপজেলায় ৮৯.০২ একর জমির ভূমি উন্নয়ন এবং সীমানা প্রাচীর নির্মাণ।	২৩/০৪/২০১৭ ৭৮.৪৩ কোটি টাকা	০৩/১০/২০১৭ ৭৪.০৬ কোটি টাকা	০২/০৪/২০১৯	০২/০৪/২০১৯	

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
মো: মঞ্জুরুল আলম নির্বাহী প্রকৌশলী	অতিরিক্ত দায়িত্ব	-	২৯/০৮/২০১৭	বর্তমান পর্যন্ত	

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো-ভূমি দস্যুদের হাত থেকে এ জমিটুকু রক্ষা করা। সে সাথে বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী বিপিআইএম নির্মাণ সাইট তৈরী করা।	৮৯.০২ একর ভূমি উন্নয়ন করা হয়েছে। তারপর বাউন্ডারী ওয়াল তৈরী করা হয়েছে। বিপিআইএম সাইট তৈরী করা হয়েছে।

১৬। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ :

১৭। অডিট : ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯

১৮। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : বর্ষাকালে অতি বৃষ্টির কারণে কার্যক্রমে সমস্যার সম্মুখীন হতে হয়।

১৯। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): ৩৩.৩৩%

২০। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any):

২১। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ:

২২। এক নজরে পরিদর্শনের কিছু আলোক চিত্র:

চিত্র-১ ভূমি উন্নয়ন কাজে ব্যবহৃত যন্ত্রপাতি	চিত্র-২ সীমানার বাইরে বিদ্যুৎ কেন্দ্র
	

চিত্র-৩ রিটেইনিং ওয়াল নির্মাণ	চিত্র-৪ উন্নয়নকৃত ভূমির সীমানা প্রাচীর
	

২৩। পরিদর্শন পর্যবেক্ষণঃ

আইএমইডি'র পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া কর্তৃক গত ২০/১১/২০১৯ খ্রি: তারিখে "কেরাণীগঞ্জে বিউবো'র নিজস্ব জমির ভূমি উন্নয়ন ও সীমানা দেয়াল নির্মাণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্প এলাকা উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক অধিগ্রহণকৃত ভূমির ৮৯.০২ একর এলাকার ভূমি উন্নয়ন ও সীমানা প্রাচীর নির্মাণ করা হয়। ৮৯.০২ একর জমির মধ্যে ২৫ একর জমি বিদ্যুৎ বিভাগে প্রদান করা হয়েছে। হস্তান্তরকৃত জমিতে বিদ্যুৎ বিভাগে কর্মরত জন সম্পদের দক্ষতা বৃদ্ধির জন্য **"বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট"** (বিপিএমআই) স্থাপন করা হবে যেখানে আন্তর্জাতিক জাতের মানের প্রশিক্ষণ প্রদান করা হবে বলে জানা যায়। প্রকল্প এলাকা ঘুরে দেখা যায় এর দক্ষিণ পূর্ব অংশে ঢাকা মাওয়া হাইওয়ে এবং পশ্চিম অংশে ধলেশ্বরী নদী রয়েছে। নদীর ভাংগনসহ ভূমি ক্ষয় থেকে প্রকল্প এলাকা রক্ষার জন্য চারিদিকে রিটেইনিং ওয়াল ও স্লোভ ওয়াল নির্মাণ করা হয়েছে। রিটেইনিং ওয়ালের গড় উচ্চতা ৪.৯২ মিটার বলে প্রকল্প পরিচালক জানান। তাছাড়া, ৪.৩ মিটার পর্যন্ত বালি ভরাট করা হয়েছে বলেও জানানো হয়। তবে ভরাটকৃত জমির মাটি এখনও নরম রয়েছে দেখা যায়। ধলেশ্বরী নদী থেকে জমির ভাংগন রোধ প্রকল্পে সীমানা প্রাচীর নির্মাণ কাজে প্রথমে জিও টেক্সটাইল স্থাপন করে পরে ব্লক স্থাপন করা হয় বলে প্রকল্প পরিচালক জানান। প্রকল্প বাস্তবায়নকালে বেশী জনবল নিয়োগ করা হয়নি, একজন গার্ড ও অফিস সহায়ক নিয়োগ করা হয়। পরিদর্শনকালে দেখা যায় প্রকল্প এলাকার নিরাপত্তার জন্য পর্যাপ্ত লোকজন নেই। তাছাড়াও, এখনও পর্যন্ত প্রকল্পের আসবাবপত্র বিপিডিবি-কে হস্তান্তর করা হয়নি বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। এ প্রকল্পের ঠিকাদার হিসেবে কাজ করেছে ওয়েস্টার্ণ ইঞ্জিনিয়ারিং লিমিটেড।

২৪। সুপারিশ:

২৪.১। ভূমি অধিগ্রহণকৃত জায়গায় শুধুমাত্র ভূমি উন্নয়ন ও সীমানা প্রাচীরের নির্মাণ কাজ সমাপ্ত করতে অতিরিক্ত ৩৩.৩৩% সময় ব্যয় হয়েছে তা কাংখিত নয়। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প বাস্তবায়নে যাতে অতিরিক্ত সময় ব্যয় না হয় সে ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থাকে আরো সতর্ক ও সচেষ্ট হতে হবে।

২৪.২। বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) স্থাপনের জন্য বিদ্যুৎ বিভাগে হস্তান্তরকৃত জায়গায় যথাশ্রীঘ্র সম্ভব বিপিএমআই স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, প্রকল্পের অবশিষ্ট জায়গার পরিকল্পনা অনুযায়ী দ্রুত সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। তা না হলে প্রকল্প এলাকাটি ভূমি দস্যুদের হাত থেকে রক্ষা করা দুরূহ হবে।

২৪.৩। পরিদর্শনকালে প্রকল্প এলাকায় নিরাপত্তাহীনতা পরিলক্ষিত হয়েছে। এ জন্য অনতিবিলম্বে প্রকল্প এলাকায় সংস্থা থেকে পর্যাপ্ত নিরাপত্তা কর্মী নিয়োগ করার ব্যবস্থা করতে হবে।

২৪.৪। প্রকল্পের আসবাবপত্রসহ সংগৃহীত ও অন্যান্য সামগ্রী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করতে হবে।

২৪.৫। উপরোক্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণপূর্বক এ সম্পর্কে আগামী ৩১ ডিসেম্বর/২০১৯ এর মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কে অবহিত করতে হবে।

আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৯)

১।	প্রকল্পের নাম	ঃ	আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প
২।	প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম	ঃ	পুলক কান্তি বড়ুয়া
৩।	প্রকল্প পরিদর্শনের তারিখ	ঃ	১০/০৩/২০২০ইং
৪।	প্রকল্পের অবস্থান	ঃ	সোনারগাঁ, আড়াইহাজার - নারায়নগঞ্জ জেলা । আশুগঞ্জ নরসিংদী সদর । - নরসিংদী জেলা । আশুগঞ্জ-ব্রাহ্মনবাড়ীয়া জেলা ।
৫।	বাস্তবায়নকারী সংস্থা	ঃ	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) ।
৬।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	ঃ	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
৭।	প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল	ঃ	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন, ২০১৯ পর্যন্ত	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৮৫,৩৬৮.০৬	৭২,৯২২.১৫	৭২,৪৪২.৩৩	জুলাই,২০১৪ -জুন, ২০১৭	জুন,২০১৯	জুলাই,২০১৪ -জুন, ২০১৯	- ১৫.১৪%	+৬৬.৬৭%

৮ । প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন ঃ

(লক্ষ টাকায়)

ক্র. নং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন জুন, ২০১৯ পর্যন্ত	
			বাস্তব	আর্থিক	বাস্তব %	আর্থিক %
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব ব্যয়						
সরবরাহ ও সেবা						
১	কর্মকর্তাদের বেতন	জন		৩৭২.৬৫		৩৬১.৭৭
২	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	জন		৪৮.৫৮		৪৪.১১
৩	ভাতাদি	জন		৩৯৬.৬৫		৩৭১.১৫
৪	ভ্রমন ব্যয়	থোক		২৭.৮১		২৬.৮৪
৫	গ্যাস ও জ্বালানী	থোক		৩৩.২১		৩২.৯৯
৬	বীমা	থোক		২৮৮.৮৭		২৬৫.১১
৭	পরিবহন ব্যয়	থোক		৩৮৮.৯৫		২২৭.৯৯
৮	ক্ষতিপূরন	কিঃ মিঃ		১৬০.০০		১৬০.০০
৯	টেস্টিং ফিস	কিঃ মিঃ		১২.৩০		১২.৩০
১০	সার্ভে	কিঃ মিঃ		২২.৫৫		২২.৫৬
১১	হায়ারিং চার্জ	জন		২১.৫২		২০.০০
১২	অন্যান্য ব্যয়	থোক		২৪০.৮৫		১৮৭.৬৩
	উপ-মোট (রাজস্ব)			২০১৩.৭৬		১৭৩২.৪৫

ক্র. নং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন জুন, ২০১৯ পর্যন্ত	
			বাস্তব	আর্থিক	বাস্তব %	আর্থিক %
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(খ) মূলধন ব্যয়						
১৩	মোটর যান	টি		১০৯.৫৯		১০৯.৫৯
১৪	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (টুলস, প্লান্ট এন্ড স্পেয়ারস)	লট		১১২৫.৪০		১১২৫.৪০
১৫	অফিস সরঞ্জাম	লট		১২.৯৬		১২.৭৬
১৬	আসবাবপত্র	লট		৫.১৯		৫.১৯
১৭	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক		৩৫৩১৮.৬৩		৩৫৩১৪.১৪
১৮	ভূমি অধিগ্রহন/ক্রয়	একর		৫২৫৩.০৫		৫২৫০.৪৯
১৯	ভূমি উন্নয়ন	ঘন মিঃ		২৭৪৭.১৯		২৭৪৬.১৮
২০	বাস ভবন	বর্গফুট		০.০০		০.০০
২১	অন্যান্য ভবন ও অবকাঠামো	লট		৫২৮.১৩		৫২৮.১৩
২২	বৈদ্যুতিক স্থাপনা	থোক		১৬২৯৩.৬৮		১৬২৯৩.৬৮
২৩	আমদানী শুল্ক ও ভ্যাট	থোক		৫৮১৭.৮৮		৫৮০৭.৮৮
২৪	বিবিধ মূলধন ব্যয় (আইডিসি)	থোক		২০২৯.০৩		২০০৭.১৪
২৫	উন্নয়ন মূলধন থোক (আইটি ও ভ্যাট)	থোক		১৬৬৭.৬৬		১৫০৯.৩০
	উপ-মোট (মূলধন)			৭০৯০৮.৩৯		৭০৭০৯.৮৮
	সর্বমোট ব্যয় (ক+খ)			৭২৯২২.১৫		৭২৪৪২৩৩

তথ্য সূত্র ঃ পিসিআর ।

৯ । কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ নাই ।

১০ । পটভূমি ঃ

ব্রাহ্মনবাড়ীয়ার আশুগঞ্জে নির্মাণাধীন ২টি ৪৫০ মেগা ওয়াট কম্বাইন্ড সাইকেল (আশুগঞ্জ উত্তর ও আশুগঞ্জ দক্ষিন) পাওয়ার প্ল্যান্ট থেকে উৎপাদিতব্য বিদ্যুৎ বিদ্যমান ২৩০ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে সঞ্চালিত করা হলে লাইন সমূহ ওভারলোডেড হয়ে যাবে এবং বিপর্যয়ের আশংকা থেকে যাবে । এ বিবেচনায় উক্ত বিদ্যুৎ কেন্দ্র সমূহের উৎপাদিতব্য বিদ্যুৎ নতুনভাবে স্থাপিত ৪০০ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে অবমুক্ত করা এবং নির্মিতব্য উপকেন্দ্রের মাধ্যমে চাহিদা অনুযায়ী ঢাকা শহরের বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহন করা হয়েছে ।

১১ । উদ্দেশ্য ঃ

(ক) আশুগঞ্জে নির্মাণাধীন ২x৪৫০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট হতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করা ।
(খ) রামপুরা ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রের মাধ্যমে ঢাকা শহরে অধিকতর বিদ্যুৎ সরবরাহ করা ।

১২ । প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ ১৮/১১/২০১৪ইং তারিখে অনুমোদিত হয় ।
০১/০৭/২০১৯ইং তারিখে সংশোধিত হয় ।

প্রকল্প অনুমোদন ঃ মোট ৮৫৩৬৮.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ১৮ নভেম্বর ২০১৪ তারিখের একনেক সভা কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয় । মোট ৭২,৯২২.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৪ইং হতে ২০১৯ইং বাস্তবায়নের জন্য ০১/০৭/২০১৯ইং তারিখে প্রথম সংশোধিত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয় ।

১৩। ক্রয় কার্যক্রম ঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ-১ ঃ ৪০০ কেভি এবং ২৩০ কেভি সঞ্চালন লাইন					
	২৯/০৬/২০১৪ইং	২০/০৫/২০১৫ইং	০৯/০১/২০১৭	৩০/০৪/২০১৮ইং	
প্যাকেজ-২ ঃ ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র					
	২৯/০৬/২০১৪ইং	১৪/০৯/২০১৫ইং	০৬/০৫/২০১৭ইং	১০/১২/২০১৮ইং	

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ প্রকল্পের শুরু হতে সমাপ্ত হওয়া পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৭২,৪৪২.৩৩ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৮৪.৮৬% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরুপ ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ		অবমুক্তি	ব্যয়			অব্যয়িত
	মোট	টাকা		মোট	টাকা	প্রঃ সাঃ	অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২০১৪-১৫	২৮১৩.০০	২৮১৩.০০	২৮১৩.০০	২৮১২.৬১	২৮১২.৬১		০.৩৯
২০১৫-১৬	১৮৭৫৪.০০	১৮৭৫৪.০০	১৮৭৫৪.০০	১৮৪৮৪.৬৮	১৮৪৮৪.৬৮		২৬৯.৩২
২০১৬-১৭	৩৪০০০.০০	৩৪০০০.০০	৩৪০০০.০০	৩৪১৯৬.০৯	৩৪১৯৬.০৯		১৯৬.০৯
২০১৭-১৮	৪৬৮৭.৫০	৪৬৮৭.৫০	৪৬৮৭.৫০	৩৭৮১.৪৫	৩৭৮১.৪৫		৯০৬.০৫
২০১৮-১৯	৪৪০.০০	৪৪০.০০	৪৪০.০০	৪৩৫.৫১	৪৩৫.৫১		৪.৪৯
সর্বমোট	৬০৬৯৪.৫০	৬০৬৯৪.৫০	৬০৬৯৪.৫০	৫৯৭১০.৩৫	৫৯৭১০.৩৫	০.০০	৯৮৪.১৫

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
প্রকৌঃ কাজী ইসতিয়াক হাসান প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	পূর্ণকালীন		০১/০৭/২০১৪ইং	০৮/০১/২০১৮ইং	
মোঃ এনামুল হক প্রকল্প পরিচালক পটুয়াখালী-পায়রা ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প।	খন্ডকালীন		০৮/০১/২০১৮ইং	৩০/০৫/২০১৮ইং	
প্রকৌঃ কাজী ইসতিয়াক হাসান প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	পূর্ণকালীন		৩০/০৫/২০১৮ইং	৩০/০৬/২০১৯ইং	

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

ক্র.নং	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	আশুগঞ্জে নির্মাণাধীন ২x৪৫০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট হতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করা।	আশুগঞ্জে নির্মাণাধীন ২x৪৫০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট হতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করা।

ক্র.নং	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
২।	রামপুরা ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রের মাধ্যমে ঢাকা শহরে অধিকতর বিদ্যুৎ সরবরাহ করা।	রামপুরা ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রের মাধ্যমে ঢাকা শহরে অধিকতর বিদ্যুৎ সরবরাহ করা।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ

১৮। অডিট ঃ

(লক্ষ টাকায়)

Period of Audit	Date of submission of Audit Report	Number findings/objections with amount		Number findings/objections Settle		Remaining Number findings/objections with amount	
		Number	Amount	Number	Amount	Number	Amount
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২০১৪-১৫							
২০১৫-১৬	১৮.০৫.২০১৬	৪	১.৬০	৪	১.৬০	০	-
২০১৬-১৭	০৭.০৫.২০১৭	৯	২৫০.২৯	৯	২৫০.২৯	০	-
২০১৭-১৮	১৫.১১.২০১৮	৮	৬,৬৬২.০১	৮	৬,৬৬২.০১	০	-
২০১৮-১৯	০৩.০৭.২০১৯	৬	০.৯৮	০	-	৩	০.৯৮

১৯। প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ

২০। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) ঃ

(ক) আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্পের আওতায় লট-০১ এর টার্ণকী-ঠিকাদার M/S KEC International Limited India. কর্তৃক নির্মিত ৪০০ কেভি সঞ্চালন লাইনের কাজ মাঠ পর্যায়ে যথাযথভাবে করা গেলেও টাওয়ার নং-৬/০, ৪৫/০ এবং ৪৫/১ এর লোকেশনে Row সমস্যার কারণে জমির মালিকগণ কাজ করতে বাধা প্রদান করে। পরবর্তীতে জমির মালিকগন রীট পিটিশন করে আদালতের আশ্রয় নেয়। আদালতে মামলা থাকায় প্রকল্পটি মেয়াদকালীন সময়ের মধ্যে সমাপ্ত করা যায়নি।

(খ) প্রকল্প এলাকা ২ টি পাইপ লাইনের মাধ্যমে শীতলক্ষ্যা নদীর তীর থেকে ড্রেজিং এর মাধ্যমে বালি এনে ভরাট করা হয়েছে। শীতলক্ষ্যা নদী হতে উপকেন্দ্রের দুরত্ব ৯-১০ কি:মি:। বিশাল এই পাইপ লাইন প্রহরীর নজরদারি করে প্রকল্প এলাকা ভরাট করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়।

২১। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any) ঃ

২২। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ ঃ

২৩। এক নজরে পরিদর্শনের কিছু আলোক চিত্র ঃ

চিত্র-১



চিত্র-২



চিত্র-৩



চিত্র-৪



২৪। পরিদর্শন পর্যবেক্ষন ঃ আইএমইডি'র পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া কর্তৃক "আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন" শীর্ষক প্রকল্পটি গত ১০/০৩/২০২০ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের ভূলতা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র পরিদর্শনকালে দেখা যায় সেখানে স্পেনের তৈরী ৫২০ এমভিএ ২টি ট্রান্সফরর্মার স্থাপন করা হয়েছে। উপকেন্দ্রের নিয়ন্ত্রণ কক্ষে ৪০০ কেভি এবং ২৩০ কেভি সুইচইয়ার্ড রয়েছে। এখানে ২টি ৪০০ কেভি লাইন ব্যয়ে ২টি ট্রান্সফর্মার ব্যয় এবং ৮টি ২৩০ কেভি ব্যয় রয়েছে। উপকেন্দ্রের অভ্যন্তরে একটি ৪০০ কেভি সুইচইয়ার্ড প্যানেল রুম (SPR) এবং ২টি ২৩০ কেভি সুইচইয়ার্ড প্যানেল রুম রয়েছে। উপকেন্দ্রটি চারদিকে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং নিরবতা বেষ্টনীর জন্য ওয়ার্চ টাওয়ার রয়েছে। তবে নিরাপত্তা কর্মীর সংখ্যা অপর্যাপ্তভাবে মনে হয়েছে। তাছাড়া উপকেন্দ্রটি অপেক্ষাকৃত নির্জন এলাকায় অবস্থিত এবং এখানে কর্মচারীর সংখ্যাও পর্যাপ্ত নয়।

২৫। সুপারিশ ঃ

২৫.১। উপকেন্দ্রটি অপেক্ষাকৃত নির্জন এলাকায় অবস্থিত বিধায় পিজিসিবি কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরী নিয়োজিত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৫.২। ভবিষ্যতে উপকেন্দ্রের প্রয়োজনীয় মেরামত, রক্ষণাবেক্ষণ কার্যাদি যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংস্থা কর্তৃক প্রয়োজনীয় জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৫.৩। প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৫.৪। উপরোক্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণপূর্বক এ সম্পর্কে আগামী ২৫ সেপ্টেম্বর/২০২০ এর মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কে অবহিত করতে হবে।

১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট ইন ইস্টার্ন রিজিয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: এপ্রিল, ২০১৯)

১। প্রকল্পের নাম : ১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট ইন ইস্টার্ন রিজিয়ন (১ম সংশোধিত) প্রকল্প।

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : পুলক কান্তি বড়ুয়া

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ২৮/১১/২০১৯

৪। প্রকল্পের অবস্থান : রাঙ্গামাটি, খাগড়াছড়ি, ব্রাহ্মণবাড়িয়া, নরসিংদী, ময়মনসিংহ, টাঙ্গাইল, সুনামগঞ্জ, সিলেট।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (এপ্রিল, ২০১৯ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৯৮৬৮৪.০২	৯৮২৫৬.৫৯	৯৩১৮৩.৯১	জানুয়ারি, ২০১৩ থেকে জুন, ২০১৬	জানুয়ারি, ২০১৩ থেকে এপ্রিল, ২০১৯	জানুয়ারি, ২০১৩ থেকে এপ্রিল, ২০১৯	-৫.৫৭%	৮০.৯৭%

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :

5. Component-wise Progress (As per latest DPP) :

(in lakh Taka)

Items of Work as per DPP	Unit	Target as per Revised DPP				Physical (weight of each	Actual Progress				Physical (weight of each	Reasons for deviation (+ -)
		Financial (FE)					Financial (FE)					
		GOB	DPA	PGCB	Total		GOB	DPA	PGCB	Total		
1	**2**	**3**	4	**5**	**6**		**8**	**9**	**10**	**11**	**12**	**13**
4500 Pay of officers	23	0.00	0.00	533.44	533.44	0.54	0.00	0.00	609.14	609.14	100	
4601 Pay of	7 Nos.	0.00	0.00	84.19	84.19	0.09	0.00	0.00	83.02	83.02	100	
4700 Allowances	30	0.00	0.00	793.91	793.91	0.81	0.00	0.00	869.66	869.66	100	
4824 Insurance	L.S	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	100	
4846	L.S	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	0.00	100	
4849 Compensation CoCCC Compensation	292km	0.00	635.38	120.00	755.38	0.77	0.00	0.00	97.17	97.17	100	
4874 Consultancy	48MM	0.00	0	197.50	197.50	0.20	0.00	0.00	118.16	118.16	100	
4855 Testing Fee	292	0.00	43.94	0	43.94	0.04	0.00	0.00	7.62	7.62	100	
4886 Survey	292	0.00	18.58	0	18.58	0.02	0.00	0.00	5.8	5.8	100	
4893 Hiring Charge	L.S	0.00	0.00	12.00	12.00	0.01	0.00	0.00	11.17	11.17	100	
4899 EIA Study	L.S	0.00	0.00	88.49	88.49	0.09	0.00	0.00	33.78	33.78	100	
4899 TA, DA, OT, Petrol, Stationary, Telephone etc.	L.S	0.00	0.00	300.00	300.00	0.31	0.00	0.00	302.2	302.2	100	
Total of Revenue		**0.00**	**697.90**	**2129.5**	**2827.4**	**2.88**	**0.00**	0.00	**2,137.7**	**2,137.72**	**100**	

Items of Work as per DPP	Unit	Target as per Revised DPP				Physical (weight of each	Actual Progress				Physical (weight of each	Reasons for deviation (+ -)
		Financial (FE)					Financial (FE)					
		GOB	DPA	PGCB	Total		GOB	DPA	PGCB	Total		
1	**2**	**3**	4	**5**	**6**		**8**	**9**	**10**	**11**	**12**	**13**
6807 Transport Vehicle	10 no	0.00	0.00	291.21	291.21	0.30	0.00	0.00	211.11	211.11	100	
6819 Office Equipment	L.S	0.00	0.00	16.50	16.50	0.02	0.00	0.00	13.64	13.64	100	
6821 Office Furniture	L.S	0.00	0.00	7.67	7.67	0.01	0.00	0.00	7.07	7.07	100	
6813 Tools plants &	Lo	0.00	3409.4	0.00	3409.4	3.47	0.00	3,297.4	0.00	3,297.40	100	
6827 Materials & Equipment for Line and Substation	Lo t	0.00	50302.25	7.00	50309.25	51.20	0.00	47,962.91	0.00	47,962.91	100	
6901 Land Acquisition	22.03	0.00	0.00	2414.92	2414.92	2.46	0.00	0.00	2,404.29	2,404.29	100	
7001 Land Development	4651 03	2332.72	0.00	0.00	2332.72	2.37	1,923.97	0.00	0.00	1,923.97	100	
7011 Residential	12	0.00	0.00	464.88	464.88	0.47	0.00	0.00	107.08	107.08	100	
7016 Other building (Non-residential)	L.S	0.00	1841.62	0.00	1841.62	1.87	0.00	1,821.02	0.00	1,821.02	100	
7056 Installation Cost	L.S	0.00	11611.	0.00	11611.	11.8	0.00	11,609.	0.00	11,609.2	100	
7901 Custom Duty & VAT	L.S	15110.08	0.00	0.00	15110.08	15.38	14,697.74	0.00	0.00	14,697.74	100	
7981 Interest during construction	L.S	0.00	0.00	4560.02	4560.02	4.64	0.00	0.00	4,457.7	4,457.7	100	
7982 Development Capital Fund	L.S	0.00	0.00	2656.36	2656.36	2.70	0.00	0.00	2,533.06	2,533.06	100	
Financing Charge during implementation	L.S	0.00	0.00	250.00	250.00	0.25	0.00	0.00	0.00	0.00	100	
Sub-Total (Capital		**17442.**	**67164.**	**10596.**	**95204.**	**97.1**	**16,621.**	**64,690.**	**9,733.9**	**91,046.1**	**100**	
7984 Contingency												
Physical	LS	0.00	25.00	0.00	25.00	0.00	0.00	0.00	0.00	0.00	0	
Price	LS	0.00	200.00	0.00	200.00	0.00	0.00	0.00	0.00	0.00	0	
Grand Total		**17442.**	**68087.**	**12726.**	**98256.**	**100**	**16,621.**	**64,690.**	**11,871.**	**93,183.9**	**100**	

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

১০। পটভূমিঃ

ময়মনসিংহ আমাদের দেশের একটি প্রধান কৃষিজ দ্রব্য উৎপাদনকারী অঞ্চল। কিন্তু বর্তমানে বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে মাত্র ৪টি গ্রীড সাবস্টেশন রয়েছে। অবশ্য শেরপুর এবং ভালুকায় ২টি সাবস্টেশন বাস্তবায়নাধীন রয়েছে। সমগ্র ময়মনসিংহ অঞ্চলটি আশুগঞ্জ পাওয়ার স্টেশনের ১৩২ কেভি সুইচইয়ার্ড এর সাথে কিশোরগঞ্জ সাব স্টেশন থেকে ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন দ্বারা জাতীয় গ্রীডের সাথে সংযুক্ত। যদি এই লাইনটি কোন কারণে ট্রিপ করে তাহলে সমগ্র অঞ্চলটি সম্পূর্ণ বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যাবে বা নূন্যতম পক্ষে মারাত্মক লোড শেডিং-এর পড়ে যাবে। এই পরিস্থিতিতে থেকে উত্তোরণের জন্য বাস্তবতার নিরিখে অন্য একটি বিকল্প সঞ্চালন লাইনের প্রয়োজন।

বাংলাদেশের রাংগামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা দুটির পর্যটন শিল্পের বিপুল সম্ভাবনা রয়েছে এবং জেলা দুটির এখনও নানা কারণে অনুন্নত। এই অঞ্চলের অধিবাসীদের জীবনযাত্রার মানকে উন্নত করার জন্য এবং পর্যটন শিল্পের দ্রুত বিকাশকে উৎসাহিত করার জন্য এই এলাকায় বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন কাজ চলমান রয়েছে। রাঙ্গামাটি জেলায় বর্তমানে ২৯ মে:ও: ও খাগড়াছড়ি জেলায় ৩৫ মে:ও. বিদ্যুতের চাহিদা রয়েছে যা ৩৩ কেভি দীর্ঘ লাইনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করে মিটানো হচ্ছে। এই ৩৩ কেভি দীর্ঘ লাইন এই দুই পার্বত্য জেলার বিস্তীর্ণ ও দুর্গম বনভূমির মধ্য দিয়ে অতিক্রম করার কখনও কোন কারিগরী ত্রুটি বা লাইনে অন্য কোন সমস্যা দেখা দিলে তা চিহ্নিত করা এবং সমাধান করা খুবই কষ্ট সাধ্য হয়ে পড়ে।

রাঙ্গামাটি পার্বত্য জেলায় ১টি ৩৩ কেভি সাবস্টেশন রয়েছে এবং এখানে চন্দ্রঘোনা ১৩২/৩৩ সাব স্টেশন থেকে ৩৩ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে প্রধানত: বিদ্যুৎ সরবরাহ করা হয়। যদিও রাঙ্গামাটি সাবস্টেশনের সাথে খাগড়াছড়ি ৩৩ কেভি

সাব স্টেশনের মহালছড়ির মাধ্যমে আন্ত:সংযোগ রয়েছে যা ৭৫ কি:মি: দীর্ঘ। রাঙ্গামাটিতে বিদ্যুৎ সরবরাহ মূলত: ৩৩ কেভি সিঙ্গেল সোর্সের উপর নির্ভরশীল।

খাগড়াছড়ি পাবর্ত্য জেলায় ৫টি ৩৩ কেভি সাব-স্টেশন রয়েছে। খাগড়াছড়ি ৩৩ কেভি সাবস্টেশন ১০০ কি:মি: দীর্ঘ ৩৩ কেভি লাইনের মাধ্যমে হাটহাজারী ১৩২/৩৩ কেভি সাব-স্টেশন থেকে বিদ্যুৎ পেয়ে থাকে। অত্যন্ত দীর্ঘ সঞ্চালন লাইনের কারণে ৩৩ কেভি লাইনের সিস্টেম লস অত্যন্ত বেশি, তেমনি ক্রমাগতভাবে এই লাইন বিভিন্ন সমস্যার সম্মুখীন হয়। খাগড়াছড়িও মূলত: বিদ্যুতের জন্য সিঙ্গেল সোর্সের উপর নির্ভরশীল।

সিলেটে বর্তমানে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে চাহিদার চেয়ে বেশি রয়েছে। সিলেট অঞ্চলে বর্তমানে চাহিদা ২৬০ মে:ও:। সমগ্র সিলেট অঞ্চল ১৯০ কি:মি: দীর্ঘ আশুগঞ্জ-ছাতক ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনের মাধ্যমে জাতীয় গ্রীডের সাথে যুক্ত। এই লাইনটি ৪০ বছরের পুরানো। সিলেট অঞ্চলের অতিরিক্ত বিদ্যুৎ অন্যান্য এলাকায় সরবরাহের জন্য বিকল্প সঞ্চালন লাইনের প্রয়োজনীয়তা অত্যাবর্শক হয়ে পড়েছে।

সামগ্রিক অবস্থা বিবেচনায় এনে বিদ্যুৎ বিভাগ, পিজিসিবি'র মাধ্যমে "১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট ইন ইস্টার্ন রিজিয়ন" শীর্ষক প্রকল্প গ্রহণ করে যা ২০১৩ সালে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

১১। উদ্দেশ্যঃ

এ প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য গুলো হলো-

১১.১। আশুগঞ্জ ১৩২ কেভি বাসের লোড কমানোসহ আশুগঞ্জ ঘোড়াশাল ১৩২কে সঞ্চালন লাইনের ওভারলোডিং হ্রাস করা;

১১.২। আশুগঞ্জ-কিশোরগঞ্জ ১৩২ কেভি লাইনের উপর নির্ভরতা কমানো;

১২.৩। ময়মনসিংহ অঞ্চলের স্থাপিতব্য বিদ্যুৎ কেন্দ্র হতে বিদ্যুৎ ইভাকুয়েট করা;

১৩. প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যের বিপরীতে অর্জনের অবস্থা:

ক্র: নং	প্রকল্পের ডিপিপি-তে উল্লেখিত লক্ষ্য ও উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১।	ইঞ্জিনিয়ারিং কন্সালটেন্সী সার্ভিস।	পিসিআর এ প্রদত্ত তথ্য অনুসারে এই কার্যক্রমগুলি সম্পন্ন হয়েছে।
২।	ম্যানেজমেন্ট কন্সালটেন্সী সার্ভিস।	
৩।	হাইড্রোজেন কম্প্রেসর এন্ড ফিলিং সিস্টেম।	
৪।	০৩ (তিন) বছর মেয়াদী এলটিএসএ সার্ভিস।	
৫।	রিটেনশন এন্ড আর্দ্াস অ ফ ইপিসি।	
৬।	প্রকিউরমেন্ট অব টারবাইন ও কম্প্রেসার পার্টস্ ফর জি.টি. ওভারহোলিং।	
৭।	প্রকিউরমেন্ট অব স্টিম টারবাইন পার্ট্স এন্ড অ্যাসোসিয়েটেড সার্ভিস ফর ওভারহোলিং।	

১৪. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/ পানি/ গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নহে।

১৫. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (অর্থ বছর ভিত্তিক):

ক্রমিক নং	অর্থ বছর	অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তির তথ্য
১।	২০১৫-১৬	অডিট সম্পাদিত হয়েছে। ৫টি আপত্তি উৎস্থাপিত হয়, যার মধ্যে ১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে এব ০৪ টি আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।
২।	২০১৬-১৭	অডিট সম্পাদিত হয়েছে। ৩টি আপত্তি উৎস্থাপিত হয়, যার মধ্যে ১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে এব ০২ টি আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।
৩।	২০১৭-১৮	অডিট সম্পাদিত হয়েছে। ৪টি আপত্তি উৎস্থাপিত হয়, যা আপত্তি নিষ্পত্তির

ক্রমিক নং	অর্থ বছর	অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তির তথ্য
		প্রক্রিয়াধীন রয়েছে।
৪।	২০১৮-১৯	অডিট সম্পাদিত হয়নি।

১৬. স্টিয়ারিং/ পিআইসি সভাসংক্রান্ত: প্রকল্প মেয়াদে কোন পিআইসি কমিটির সভা অনুষ্ঠিত হয়নি তবে একটি স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

গ. পরিদর্শন এবং পর্যবেক্ষণ

১৭. আইএমইডি'র পরিদর্শন এবং পর্যবেক্ষণ: প্রকল্পটির প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে পাওয়ার পর সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রকল্পটি আইএমইডি কর্তৃক নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলায় অবস্থিত প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিদ্যুৎ বিভাগের আওতায় ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) কর্তৃক বাস্তবায়িত নিউ হরিপুর পাওয়ার প্ল্যান্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লং টার্ম সার্ভিস এগ্রিমেন্ট এন্ড আদার সাপোর্ট সার্ভিসেস ফর হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট) (১ম সংশোধিত) প্রকল্পটি মূলত কনস্ট্রাকশন অব হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এন্ড এসোসিয়েটেড সাব-স্টেশন (কনস্ট্রাকশন অব হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এন্ড এসোসিয়েটেড সাব-স্টেশন) প্রকল্পের ধারাবাহিকতায় গ্রহণ করা হয়। এর মূল উদ্দেশ্য ছিল হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এর রক্ষণাবেক্ষণ এবং পাওয়ার প্ল্যান্ট এর মূল সরবরাহকারীর নিকট হতে কারিগরী সেবা গ্রহণ। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ১ বছর বৃদ্ধি এবং বিভিন্ন অঙ্গের পরিমাণ ও ব্যয়ের পরিবর্তনের কারণে একবার সংশোধন করতে হয়েছে। সংশোধনের ফলে প্রকল্পের ব্যয় প্রায় ৩৯.০২% হ্রাস পেলেও বাস্তবায়নকাল ৩৩% বৃদ্ধি পেয়েছে। সংশোধনের ফলে ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পাওয়ার কারণ হলো মূল অনুমোদিত ডিপিপি হতে কিছু সেবা কম গ্রহণ করা। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান এ ধরনের প্রকল্পের রক্ষণাবেক্ষণ সেবা একটি নির্দিষ্ট সময় পর পর গ্রহণ করতে হয়। উক্ত সেবাটি (যেটি গ্রহণ করা হয়নি) প্রকল্প মেয়াদের মধ্যে প্রয়োজন না হওয়ায় তা গ্রহণ করা হয়নি। তবে এই সেবাটি ধারাবাহিকভাবে গ্রহণ করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় এটি ইজিসিবির নিজস্ব তহবিল হতে সংস্থান করা হবে মর্মেও প্রকল্প পরিচালক জানান।


উল্লেখ্য যে, এই প্রকল্প চলাকালীন হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এর গ্যাস টারবাইন দুর্ঘটনায় পতিত হয় এবং ওয়ারেন্টি পিরিওড থাকায় তা সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতিস্থাপন করা হয়। এর ফলে বাংলাদেশ সরকারের কোন অর্থ ব্যয় হয়নি মর্মে প্রকল্প পরিচালক জানান।



চিত্র-১: থার্ড পার্টি ইন্সপেক্টর (টিইউভি), জার্মানি কর্তৃক গ্যাস টারবাইনের পারফরমেন্স টেস্ট করা হচ্ছে।



চিত্র-২: ১০/০৭/২০১৭ তারিখে গ্যাস টারবাইনের কম্বাস্টার পরিদর্শন (সিআই)




চিত্র-৩: Combustor Inspection (CI) of Gas Turbine on 12/07/2017 (NDT of GT Transition Pieces)



চিত্র-৪: Turbine Inspection Plus (TI+) of Gas Turbine on 31/10/2018 (Lifting up the Compressor Casing)



চিত্র-৫: Turbine Inspection Plus (TI+) of Gas Turbine on 03/11/2018 (GT air Compressor & Combustor Portion)



চিত্র-৬: Steam Turbine Major Overhauling Works on 10/11/2018 (LP-ST Rotor)



চিত্র-৭: Steam Turbine Major Overhauling Works on 12/11/2018 (ST HP-IP Stationary Blade Lower Half)



চিত্র-৮: Successfully Completion of Major Overhauling Works of Steam Turbine on 25/11/2018

* চিত্রগুলি প্রকল্প দপ্তর হতে সংগ্রহ করা।

প্রকল্প পরিচালক জানান রিমোট মনিটরিং সিস্টেম (আরএমএস) ডিজাইন সরবরাহ এবং সাইটে ইনস্টল করা হয়েছে। এসকল সরঞ্জাম মিতসুবিশি হিটাচি পাওয়ার সিস্টেম কর্তৃক সফলভাবে ২৬/০৫/২০১৭ তারিখে স্থাপন এবং ১৩/০৬/২০১৭ তারিখে কমিশনিং করা হয়েছে। এছাড়াও এমএইচপিএস, জাপান অনলাইনে টারবাইন ইউনিট ২৪ ঘন্টা জাপান থেকে পরিবীক্ষণ করছে।

প্রকল্পটির পিসিআর থেকে জানা যায় প্রকল্পের উন্নয়ন সহযোগী জাইকার সাথে Loan BD-P58 ০১/০৩/২০০৯ তারিখে স্বাক্ষর হয় এবং সেটি ২৬/০৬/২০০৯ তারিখে কার্যকর হয়। এই ঋণ চুক্তির মেয়াদ ২৬/০৬/২০১৮ তারিখে শেষ হয়েছে। প্রকল্প আরম্ভ হবার পূর্বেই ঋণ চুক্তি স্বাক্ষর এবং কার্যকর হওয়া বিষয়ে প্রকল্প পরিচালক জানান এই ঋণটি পূর্ববর্তী মূল প্রকল্পের ধারাবাহিকতায় এসেছে। আলোচ্য প্রকল্পের Amortization Schedule পর্যালোচনা করে দেখা যায় প্রকল্প মেয়াদ আরম্ভ হবার পূর্বেই ঋণ চুক্তি কার্যকরের ফলে তুলনামূলক অতিরিক্ত অর্থ ঋণের সুদ হিসেবে পরিশোধ করতে হচ্ছে যা সমীচীন নয়। এ বিষয়ে প্রকল্প পরিচালক একমত পোষণ করেন। তিনি জানান, উন্নয়ন সহযোগীদের সাথে Negotiation এর সময় এই বিষয়টি পর্যালোচনা করার সুযোগ ছিল।

প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের কিছু অডিট আপত্তি এখনো নিষ্পত্তি হয় নাই। প্রকল্পের আর্থিক বিষয়গুলি চূড়ান্ত নিষ্পত্তিকরণের লক্ষ্যে এগুলি দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন।

প্রকল্পের চার বছর মেয়াদকালে চার জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্পের ডিপিপি প্রণয়নের সময় Designated Project Director এর সংস্থান থাকায় এমনটি হয়েছে বলে সর্বশেষ প্রকল্প পরিচালক জানান।

১৮. আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৮.১ প্রকল্পের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে এর অনিষ্পন্নকৃত নিরীক্ষা আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে;

১৮.২ ভবিষ্যতে উন্নয়ন সহযোগীর অর্থায়নে এ ধরণের প্রকল্প গ্রহণ করার পূর্বে এমনভাবে ঋণ চুক্তি করতে হবে যেন সরকারকে অতিরিক্ত অর্থ প্রদান করতে না হয়;

১৮.৩ বিদ্যুৎ বিভাগ দক্ষ প্রকৌশলীদের পুল তৈরী করার জন্য উদ্যোগ গ্রহণ করবে, যাদের মাধ্যমে বিভিন্ন সেবা গ্রহণ করা সম্ভব হবে যেগুলি বর্তমানে দেশের বাইরে থেকে অধিক অর্থের বিনিময়ে গ্রহণ করতে হচ্ছে। এতে সরকারি অর্থের সাশ্রয় হবে;

১৮.৪ ভবিষ্যতে যে কোন প্রকল্পের ক্ষেত্রে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন পরিহার করতে হবে; এবং

১৮.৫ উপরিউক্ত সুপারিশের আলোক গৃহীত ব্যবস্থা ১ মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

কন্সট্রাকশন এন্ড এক্সপানশন অব ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক অব নর্থ এন্ড সাউথ জোন আন্ডার ডিপিডিসি (প্রথম সংশোধিত) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৯)

১.	প্রকল্পের নামঃ	কন্সট্রাকশন এন্ড এক্সপানশন অব ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক অব নর্থ এন্ড সাউথ জোন আন্ডার ডিপিডিসি (প্রথম সংশোধিত)
২.	উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৩.	বাস্তবায়নকারী সংস্থাঃ	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি)
৪.	প্রকল্প এলাকাঃ	ঢাকা এবং নারায়ণগঞ্জ।

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
মূল মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত	বাস্তবায়ন কাল	(মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	(মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫১০৬২.৭২ ১০৭৬৩.৯১ ৩৪৩০৯.৯৯ ৫৯৮৮.৮১	৫৯৬৪৩.৫২ ১৭৬১৬.১১ ১৫৯৪২.৩৮ ২৬০৮৫.০২	৫০৮৩৮.০১ ১৫১৮০.৭৮ ১২১৫৬.১০ ২৩৫০১.১৩	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৬	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৯	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৯	১৬.৮%	৩(তিন) বছর (১০০%)

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ পটভুমি:

বর্তমানে ডিপিডিসি এলাকায় বিভিন্ন লাইনের মাধ্যমে প্রায় ১২৮০ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ২০১৫ সাল নাগাদ বিদ্যুতের এ চাহিদা দাড়াবে ২০০০ মেঃওঃ। ফলে উত্তর ও দক্ষিণ জোন এলাকায় বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ করা একান্ত প্রয়োজন হয়ে পড়েছে। বর্তমানে ডিপিডিসি এলাকায় লোড বৃদ্ধির হার প্রায় ৮.৮%। বিদ্যুতের বর্তমান ও লোড মোকাবেলা করার জন্য ১১ কেভি ও ০.৪ কেভি নতুন বিতরণ লাইন স্থাপন করা প্রয়োজন। এ প্রেক্ষিতে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটি এডিবি'র Expansion and Efficiency Improvement Investment Program এর আওতাভুক্ত Tranche-2 তে অর্থায়নের জন্য নির্বাচিত।

৭.২ উদ্দেশ্য:

- নতুন বিতরণ নেটওয়ার্ক স্থাপন ও বর্ধিতকরণ;
- ডিপিডিসি'র বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক ব্যবস্থা সচল রাখা;
- ডিপিডিসি গ্রাহকদের গুণগত সেবা নিশ্চিতকরণ; এবং

➢ বিদ্যুৎ সরবরাহের গুণগত মান ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ১১/০.৪ কেভি লাইন মেরামত।

৭.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ১১৭ কিঃ মিঃ ১১ কেভি ওভারহেড বিদ্যুৎ লাইন নির্মাণ;
- ১২৬ কিঃ মিঃ ১১/.৪ কেভি ওভারহেড বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- ১৯০ কিঃ মিঃ ০.৪ কেভি ওভারহেড বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- ১৫৫ কিঃমিঃ ১১ কেভি ভূ-গর্ভস্থ বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- প্রায় ২.২৫ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান; এবং
- ৮টি যানবাহন ক্রয়।

৭.৪ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

প্রকল্পটি ১৯ সেপ্টেম্বর ২০১৩ তারিখে একনেক কর্তৃক মোট ৫১০.৬২৭২ কোটি টাকা (জিওবি ১০৭.৬৩৯২ কোটি, প্রকল্প সাহায্য ৩৪৩.০৯৯৯ কোটি এবং ডিপিডিসি'র নিজস্ব ৫৯.৮৮৮১ কোটি) প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৩ হতে ৩০ জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে, প্রকল্পের সংশোধিত ডিপিপি গত ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ৫৯৬.৪৩৫২ কোটিটাকা (জিওবি ১৭৬.১৬১১ কোটি, প্রকল্প সাহায্য ২৬০.৮৫০২ কোটি এবং ডিপিডিসি'র নিজস্ব ১৫৯.৪২৩৮ কোটি) ব্যয় প্রাক্কলনসহ ০১ জুলাই ২০১৩ হতে ৩০ জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। বিদ্যুৎ বিভাগের প্রস্তাব অনুযায়ী গত ২৫/০৪/২০১৮ তারিখে আইএমইডি'র মহাপরিচালক এর সভাপতিত্বে একটি আন্ত মন্ত্রণালয় সভায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ১(এক) বছর অর্থাৎ জুন, ২০১৮ হতে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৭.৫ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নিম্নোক্ত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন/করছেন:

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্ব কাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)
১. মোঃ কুতুব-উল-আলম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিপিডিসি।	১ জুলাই ২০১৩ থেকে ৩১ অক্টোবর ২০১৬ পর্যন্ত।	নিয়মিত
২. আবুল ফজল মোঃ বদরুল আলম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিপিডিসি।	৩১ অক্টোবর ২০১৬ থেকে বর্তমান পর্যন্ত	নিয়মিত

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

Items of work (as per DPP)	**Unit**	**Target (as per DPP)**		**Actual Progress**		**Reasons for deviation (±)**
		Financial	**Physical (Quantity)**	**Financial**	**Physical (Quantity)**	
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
(a) Revenue Component						
Pay of officers	P	201.53	100% (15 P)	172.69	86% (10P)	Number of officer and staff deputed is

Items of work (as per DPP)	Unit	Target (as per DPP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
Pay of Establishment	P	108.89	100% (09P)	22.70	22% (3P)	less than the Targeted.
Allowances	P	253.16	100% (24P)	237.53	98% (13P)	
Supplies and Service	LS	331.25	100%	194.16	100%	-
Repair, Maintenance	LS	37.00	100%	17.60	100%	-
Sub-Total: (a) Revenue Component		**931.82**	-	**644.68**	-	-
(b) Capital Component						
Office Furniture & Equipments	LS	29.00	100%	11.77	100%	-
Transport & Vehicles	nos	232.00	100% (8 nos.)	121.37 (4 nos.)	52%	Number of vehicles procured is less than the targeted.
Electrical Equipment	LS	29360.19	100%	27308.32	100%	-
Installation Cost	LS	8298.26	100%	6631.30	100%	-
CD & VAT, AIT (60% of Machinery Cost)	LS	17616.11	100%	15180.78	100%	-
Income Tax & VAT @ 13.5% of Installation cost	LS	1144.40	100%	909.33	100%	-.
Interest During Construction	LS	1273.36	-	30.46	-	-
Sub-Total: (b) Capital Component		**57953.311**	-	**50193.33**	-	-
(c) Price Contingency @ 1% on LC & 1% on FE of DC	LS	379.19	-	-	-	-
(d) Physical Contingency @ 1% of LC & 1% of FE of DC	LS	379.19	-	-	-	-
Grand Total (a+b+c+d)		**59643.521**	**100%**	**50838.01**	**100%**	-

৯.০ পর্যবেক্ষণঃ

৯.১ প্রকল্পের মূল কাজের দরপত্র আহবান প্রক্রিয়া থেকে প্রকল্পের চুক্তি সম্পাদন পর্যন্ত দীর্ঘ ১৩ মাস ১০ দিন অতিবাহিত হয়েছে এবং বাস্তবায়ন পিছিয়ে পড়েছে।

৯.২ প্রকল্পের আওতায় ১১,৬০০ টি পোল, ২০৮৯ কিঃমিঃ কন্ডাক্টর, ১৯৫ কিঃমিঃ ক্যাবল, ১০১৮৫০ টি ইনসুলেটর এবং ১৭০০ টি ট্রান্সফরমার স্থাপন করা হয়েছে।

৯.৩ প্রকল্পের মেয়াদ মূল অনুমোদিত ডিপিপি অপেক্ষা ৩ (তিন) বছর বৃদ্ধি পেয়েছে।

প্রকল্প বাস্তবায়নের স্থিরচিত্র



চিত্র-১



চিত্র-২



চিত্র-৩



চিত্র-৪

১০.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকা)

Description of procurement (goods/works /consultancy) as per bid document	**Tender/Bid/Proposal Cost (in crore Taka)**		**Tender/Bid/Proposal**		**Date of completion of works/services and supply of goods**	
	As per DPP	**Contracted value**	**Invitation date**	**Contract signing/ L.C opening date**	**As per contract**	**Actual**
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
Procurement of Materials and Installation works Including Testing and Commissioning on Turn-Key basis for Construction and Expansion of Distribution Network of North Zone	142.39	139.32	27/04/2014	11/06/2015	31/05/2019	31/05/2019

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Procurement of Materials and Installation works Including Testing and Commissioning on Turn-Key basis for Construction and Expansion of Distribution Network of South Zone	234.18	228.66	27/04/2014	11/06/2015	31/05/2019	31/05/2019

১১.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ নতুন বিতরণ নেটওয়ার্ক স্থাপন ও বর্ধিতকরণ;	➢ নতুন বিতরণ নেটওয়ার্ক স্থাপন ও বর্ধিতকরণ হয়েছে;
➢ ডিপিডিসি'র বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক ব্যবস্থা সচল রাখা;	➢ ডিপিডিসি'র বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক ব্যবস্থা সচল রাখতে সাহায্য করবে;
➢ ডিপিডিসি গ্রাহকদের গুণগত সেবা নিশ্চিতকরণ; এবং	➢ ডিপিডিসি গ্রাহকদের গুণগত সেবা নিশ্চিতকরণ; এবং
➢ বিদ্যুৎ সরবরাহের গুণগত মান ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ১১/০.৪ কেভি লাইন মেরামত।	➢ বিদ্যুৎ সরবরাহের গুণগত মান ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ১১/০.৪ কেভি লাইন মেরামত করা হয়েছে।

১২.০ সুপারিশঃ

১২.১ মূল ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে দরপত্র আহবান হতে চুক্তি স্বাক্ষর পর্যন্ত ১৩ (তের) মাস সময় ব্যয় হয়েছে, যা প্রকল্পের বাস্তবায়ন কাজকে দীর্ঘায়িত করেছে। ভবিষ্যতে ঠিকাদার নিয়োগে দীর্ঘসূত্রিতা পরিহার করতে হবে;

১২.২ প্রকল্পের আওতায় ১(এক)টি জীপ এবং ১(এক) টি পিক-আপ ক্রয় করা হয়েছে। ১টি জীপ পরিবহন পুলে জমা দেয়া হয়েছে। অবশিষ্ট ১টি পিক-আপ যানবাহন পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা করতে হবে;

১২.৩ প্রকল্পটি ৩ বার মেয়াদ বৃদ্ধি এবং ১ বার সংশোধন করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সময় আরো বাস্তবমুখী পরিকল্পনা করতে হবে যেন টাইমওভার রান না হয়;

১২.৪ ভবিষ্যতে ঢাকা শহরের লোড গ্রোথ সেন্টারগুলি বিবেচনায় নিয়ে ওভারহেড ক্যাবল প্রয়োজনমত পরিহার করে আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপনের উদ্যোগ নিতে হবে;

১২.৫ অনুচ্ছেদ ১২.১-১২.৪ এর আলোকে গৃহীত কার্যাবলীর বিষয়ে আইএমইডি'কে শীঘ্র অবহিত করতে হবে।

পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ বরিশাল বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন'২০১৯)

১. প্রকল্পের নাম: পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ বরিশাল বিভাগীয় কার্যক্রম-২ (২য় সংশোধিত)

২. প্রকল্পের ধরণ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): জিওবি

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): জিওবি

৩.২ উন্নয়ন সহযোগী : প্রযোজ্য নয়

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারীসংস্থা: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫. (ক) প্রকল্পব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত তথ্য:

(লক্ষটাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	সংস্থার নিজস্ব			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৮৩৮৯০.০০	৮৩৮৯০.০০	০.০০	০.০০	জুলাই'২০১৪ হতে জুন'২০১৮	০৯/১২/২০১৪ খ্রিঃ	-	-
সংশোধিত (১ম)	৮৩৮৯০.০০	৮৩৮৯০.০০	০.০০	০.০০	জুলাই'২০১৪ হতে জুন'২০১৮	২০/১২/২০১৬ খ্রিঃ	-	-
সংশোধিত (২য়)	৭৭৮৪৭.১১	৭৭৬০১.৯১	০.০০	২৪৫.২০	জুলাই'২০১৪ হতে জুন'২০১৯	১২/০৫/২০১৮ খ্রিঃ	৬০৪২.৮৯ (৭.২০%) হ্রাস	১ বছর (২৫%) বৃদ্ধি

৬. প্রকল্প এলাকা:

ক্রঃ নং	বিভাগ		জেলা		সিটি কর্পোরেশন/ পৌরসভা/ উপজেলা	
	১ম সংশোধিত	২য় সংশোধিত	১ম সংশোধিত	২য় সংশোধিত	১ম সংশোধিত	২য় সংশোধিত
১	২	২	৩	৩	৪	৪
১	বরিশাল	বরিশাল	বরিশাল	বরিশাল	১ বাকেরগঞ্জ	১ বাকেরগঞ্জ
			বরিশাল	বরিশাল	২ বরিশাল	২ বরিশাল
			বরিশাল	বরিশাল	৩ হিজলা	৩ হিজলা
			বরিশাল	বরিশাল	৪ মেহেন্দীগঞ্জ	৪ মেহেন্দীগঞ্জ
			বরিশাল	বরিশাল	৫ মুলাদী	৫ মুলাদী
২	বরিশাল	বরিশাল	বরিশাল	বরিশাল	১ আগৈলঝড়া	১ আগৈলঝড়া
			বরিশাল	বরিশাল	২ বাবুগঞ্জ	২ বাবুগঞ্জ
			বরিশাল	বরিশাল	৩ বানারীপাড়া	৩ বানারীপাড়া
			বরিশাল	বরিশাল	৪ মুলাদী (আংশিক)	৪ মুলাদী (আংশিক)
			বরিশাল	বরিশাল	৫ গৌরনদী	৫ গৌরনদী
			বরিশাল	বরিশাল	৬ উজিরপুর	৬ উজিরপুর
৩	বরিশাল	বরিশাল	ভোলা	ভোলা	১ ভোলা	১ ভোলা

ক্রঃ নং	বিভাগ		জেলা		সিটি কর্পোরেশন/ পৌরসভা/ উপজেলা	
	১ম সংশোধিত	২য় সংশোধিত	১ম সংশোধিত	২য় সংশোধিত	১ম সংশোধিত	২য় সংশোধিত
১	২	২	৩	৩	৪	৪
			ভোলা	ভোলা	২ বোরহান উদ্দিন	২ বোরহান উদ্দিন
			ভোলা	ভোলা	৩ চরফ্যাশন	৩ চরফ্যাশন
			ভোলা	ভোলা	৪ দৌলতখান	৪ দৌলতখান
			ভোলা	ভোলা	৫ লালমোহন	৫ লালমোহন
			বরিশাল	বরিশাল	৬ *মনপুরা	৬ মেহেন্দীগঞ্জ (আংশিক)
			ভোলা	ভোলা	৭ তজুমুদ্দিন	৭ তজুমুদ্দিন
৪	বরিশাল	বরিশাল	ঝালকাঠি	ঝালকাঠি	১ ঝালকাঠি	১ ঝালকাঠি
			ঝালকাঠি	ঝালকাঠি	২ নলছিটি	২ নলছিটি
			ঝালকাঠি	ঝালকাঠি	৩ রাজাপুর	৩ রাজাপুর
			ঝালকাঠি	ঝালকাঠি	৪ কাঠিালিয়া	৪ কাঠিালিয়া
৫	বরিশাল	বরিশাল	বরগুনা	বরগুনা	১ আমতলি	১ আমতলি
			বরগুনা	বরগুনা	২ বরগুনা	২ বরগুনা
			বরগুনা	বরগুনা	৩ বেতাগী	৩ বেতাগী
			পটুয়াখালী	পটুয়াখালী	৪ বাউফল	৪ বাউফল
			পটুয়াখালী	পটুয়াখালী	৫ দশমিনা	৫ দশমিনা
			পটুয়াখালী	পটুয়াখালী	৬ গলাচিপা	৬ গলাচিপা
			পটুয়াখালী	পটুয়াখালী	৭ কলাপাড়া	৭ কলাপাড়া
			পটুয়াখালী	পটুয়াখালী	৮ মির্জাগঞ্জ	৮ মির্জাগঞ্জ
			পটুয়াখালী	পটুয়াখালী	৯ পটুয়াখালী	৯ পটুয়াখালী
			পটুয়াখালী	পটুয়াখালী	১০ দুমকি	১০ দুমকি
৬	বরিশাল	বরিশাল	বরগুনা	বরগুনা	১ বামনা	১ বামনা
			বরগুনা	বরগুনা	২ পাথরঘাটা	২ পাথরঘাটা
			বাগেরহাট	বাগেরহাট	৩ মোড়লগঞ্জ	৩ মোড়লগঞ্জ
			বাগেরহাট	বাগেরহাট	৪ শরনখোলা	৪ শরনখোলা
			পিরোজপুর	পিরোজপুর	৫ ভান্ডারিয়া	৫ ভান্ডারিয়া
			পিরোজপুর	পিরোজপুর	৬ কাউখালী	৬ কাউখালী
			পিরোজপুর	পিরোজপুর	৭ মঠবাড়িয়া	৭ মঠবাড়িয়া
			পিরোজপুর	পিরোজপুর	৮ নাজিরপুর	৮ নাজিরপুর
			পিরোজপুর	পিরোজপুর	৯ পিরোজপুর	৯ পিরোজপুর
			পিরোজপুর	পিরোজপুর	১০ স্বরুপকাঠি	১০ স্বরুপকাঠি
			পিরোজপুর	পিরোজপুর	১১ জিয়ানগর	১১ জিয়ানগর

* গ্রীড লাইন নির্মাণ করার সুয়োগ না থাকায় ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবউশন কোম্পানী লি. (ওজোপাডিকো) জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে গুরুত্বপূর্ণ স্থাপনায় বিদ্যুৎ সরবরাহ করছেন। উল্লেখ্য, মনপুরা উপজেলায় বিআরইবি'র কোন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নাই।

৭. প্রকল্পের উদ্দেশ্য:

- গ্রামীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির জন্য বিদ্যুৎ সুবিধা প্রদান;
- ৫৭১১ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ/নবায়ন/পুনর্বাসন (নতুন ৫২২০ কিঃমিঃ এবং ৪৯১ কিঃমিঃ নবায়ন/পুনর্বাসন); এবং
- ১৫টি ৩৩/১১ কিভি উপকেন্দ্র নির্মাণ/ক্ষমতাবর্ধনের মাধ্যমে ২.০০ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান।

৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ৩.২০ একর ভুমি অধিগ্রহণ;

- নতুন ৫২২০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ;
- ৪৯১ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নবায়ন/পুনর্বাসন;
- ৯টি 10 MVA উপকেন্দ্র নির্মাণ;
- ৬টি উপ-কেন্দ্রের ক্ষমতা বর্ধন;
- যানবাহন ক্রয় (জীপ-০১ টি, পিক-আপ Double cabin with Canopy-০২ টি ও মোটর সাইকেল- ০৭টি);
- ২.০০ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান; এবং
- টার্ন কি চুক্তির মাধ্যমে ৩৩ কেভি ডাবল সার্কিট টাওয়ার নির্মাণ (ডিজাইন, মালামাল সরবরাহ, স্থাপন, প্রশিক্ষণ, টেস্টিং ও কমিশনিংসহ)।

৯. অঙ্গভিত্তিকঅগ্রগতি (ডিপিপি ও পিসিআর অনুসারে):

(লক্ষ টাকা)

ক্র: নং	অঙ্গোরনাম	একক	ডিপিপি/টিপিপিঅনুযায়ীলক্ষ্যমাত্রা		সর্বশেষ ক্রমপুঞ্জিত অগ্রগতি		মন্তব্য (ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের পার্থক্য হলে তার ব্যাখ্যা)
(ক) রাজস্ব ব্যয় :			বাস্তব (পরিমাণ /সংখ্যা)	আর্থিক (পরিমাণ /সংখ্যা)	বাস্তব (%)	আর্থিক (%)	
১	২	৩	৪		৫		৬
০১	কর্মকর্তাদের বেতন	জন	২১ জন	১০১.৯৯	১৮জন	৯২.৫১	-
০২	কর্মচারিদের বেতন	জন	২৯ জন	৭০.৩১	১৮ জন	৬০.৫০	-
০৩	ভাতাদি	জন	৫০ জন	২১১.৮৭	৩৬ জন	১৭১.৯৩	-
০৪	সরবরাহ ও সেবা	থোক	থোক	১৮৪৮.৯৫	থোক	১৫৮২.৫২	-
০৫	মেরামত ও পুনর্বাসন	থোক	থোক	২৬.৫২	থোক	১৯.১৪	
	উপ-মোট (রাজস্ব ব্যয়)			**২২৫৯.৬৫**		**১৯২৬.৬০**	-
(খ) মূলধন খাত :							-
০৬	মোটর যান (জীপ-০১ টি, পিক-আপ Double cabin with Canopy -০২ টি ও মোটর সাইকেল- ০৭টি)	টি	১০টি	১৭৫.১৪	১০টি	১৭৫.১৪	-
০৭	বিভিন্ন আইটেমের যন্ত্রপাতি	লট	লট	৫৮৭৩২.৪৩	লট	৫৮৬৮০.২৮	-
০৮	কম্পিউটার ও সরঞ্জামাদি	সেট	১৫ সেট	১০.৮৭	১৫ সেট	১০.৮৭	-
০৯	ফার্নিচার	লট	লট	৪.৭৬	লট	৪.৭৬	-
১০	অন্যান্য (এয়ার কুলার, ফটোকপি মেশিন)	থোক	থোক	০.৯২	থোক	০.৯২	-
১১	ভূমি অধিগ্রহণ/ ক্রয়	একর	৩.২০ একর	৮৫.৪৮	৩.২০ একর	৮৫.৪৮	-
১২	বৈদ্যুতিক লাইন নির্মাণ	কি:মি:	৫৭১১কি:মি:	৭৫০১.৩৪	৫৬৬৯কি:মি:	৬৫২৯.০১	-
১৩	সাপ্লাই, ইন্সটলেশন, টেষ্টিং এবং কমিশনিং	টি	১০ MVA-৯ টি	৫৪৪৮.০০	১০ MVA-৯ টি	৫৩৬৫.৬৮	-

	অব ৩৩/১১ কেভি সাব-ষ্টেশন (বে-ব্রেকার স্থাপন ও ভূমি উন্নয়নসহ)						
১৪	সাব-ষ্টেশনের ক্ষমতাবর্ধণ	টি	০৬ টি	৯৩.১২	০৬ টি	৮৬.৩৬	-
১৫	টার্ন কি চুক্তির মাধ্যমে ৩৩ কেভি ডাবল সার্কিট টাওয়ার নির্মাণ (ডিজাইন, মালামাল সরবরাহ, স্থাপন, প্রশিক্ষণ, টেস্টিং ও কমিশনিংসহ)	সেট	৫ সেট	৩২৮৫.২০	৫ সেট	৩০৩৫.১৬	-
১৬	বিবিধ মূলধন ব্যয়	থোক	থোক	৫	থোক	০.৩৭	-
	উপ-মোট (মূলধন ব্যয়) :			৭৫৩৪২.২৬		৭৩৯৭৪.০২	-
(গ)	প্রাইস কন্টিনজেন্সি			*০.০০*		*০.০০*	-
	সর্বমোটঃ (ক+খ+গ)			**৭৭৬০১.৯১**		**৭৫৯০০.৬২**	**-**

১০. অর্থবছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষটাকা)

অর্থবছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি / আরএডিপি বরাদ্দ	অর্থছাড় (%)	প্রকল্প ব্যয় (%)
২০১৪-২০১৫	৩৯৯২.৫৩	৪০০০.০০	৪০০০.০০	৩৯৯২.৫৩
২০১৫-২০১৬	৩০২২৫.৯৬	৩১৫০০.০০	৩১৫০০.০০	৩০২২৫.৯৬
২০১৬-২০১৭	২০৬১৮.৫৫	২০৯০০.০০	২০৯০০.০০	২০৬১৮.৫৫
২০১৭-২০১৮	১৭০৪৪.৮৭	১৭২৫০.০০	১৭২৫০.০০	১৭১২২.৮৩
২০১৮-২০১৯	৫৭২০.০০	৪০০৩.০০	৪০০৩.০০	৩৯৪০.৭৫
			সর্বমোট	৭৫৯০০.৬২

১১. ডিপিপি/টিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৬১ টি

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায় ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও আইডি নং	মূল দপ্তর ওপদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যা/না	প্রকল্প সংখ্যা
আহসান হাবীব	আরইই-বিডিপি-২, বাপবিবো, ঢাকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী।	১৪/০১/২০১৫ খ্রি. হতে ১০/০৪/২০১৬ খ্রি.	নিয়মিত	না	-
মোঃ আবুল কালাম আজাদ	আরইই-বিডিপি-২, বাপবিবো, ঢাকা (অতিরিক্ত দায়িত্ব) তত্ত্বাবধায়ক প্রকৌশলী।	১০/০৪/২০১৬ খ্রি. হতে ১৯/০৫/২০১৬ খ্রি.	অতিরিক্ত	না	-
মোঃ মহিউদ্দীন	আরইই-বিডিপি-২, বাপবিবো, ঢাকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী।	১৯/০৫/২০১৬ খ্রি. হতে ৩০/০৬/২০১৯ খ্রি.	নিয়মিত	না	-

১৩. প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যের বিপরীতে অর্জনের অবস্থা:

ক্রমিক	প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যে	প্রকৃত অর্জন
১।	৫৭১১ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ (নতুন ৫২২০ কিঃমিঃ এবং ৪৯১ কিঃমিঃ নবায়ন/পুনর্বাসন)	৫৬৬৯ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ (নতুন ৫১৮৬কিঃমিঃ এবং ৪৮৩ কিঃমিঃ নবায়ন/পুনর্বাসন)

ক্রমিক	প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যে	প্রকৃত অর্জন
২।	৯ টি ৩৩/১১ কিভি উপকেন্দ্র নির্মাণ	৯ টি ৩৩/১১ কিভি উপকেন্দ্র নির্মাণ
৩।	৬টি ৩৩/১১ উপকেন্দ্রর ক্ষমতাবর্ধন	৬টি ৩৩/১১ উপকেন্দ্রর ক্ষমতাবর্ধন
৪।	৫ সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ	৫ সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ
৫।	২.০০ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান	২.২৪ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান

১৪. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):

সমিতির নাম	**উপকেন্দ্রের নাম**	**উপকেন্দ্রের ক্ষমতা**	**জমির পরিমান**	**জমির মূল্য পরিশোধ করা হয়েছে কিনা**	**জমি অধিগ্রহণের বর্তমান অবস্থা**
পিরোজপুর	নাজিরপুর	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
ঝালকাঠি	কাঠালিয়া	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
পটুয়াখালী	কলাপাড়া-৩	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
	মির্জাগঞ্জ	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
বরিশাল-২	গৌরনদী-৩(বার্থী)	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
	গৌরনদী-৪ (শরিকল)	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
ভোলা	লালমোহন-২	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত
	ভোলা-৩ (খেয়াঘাট)	১০ এমভিএ	০.৪০ একর	হ্যাঁ	অধিগ্রহণকৃত

১৫. অডিট সম্পাদন ও আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য:

অডিটের নাম	অডিট সম্পাদনের তারিখ	আপত্তি নিষ্পত্তির তারিখ	মন্তব্য
২০১৪-১৫, ২০১৫-১৬ ২০১৬-১৭ ২০১৭-১৮ অর্থ বছরের বহিঃ নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অডিট সম্পাদিত হয়	১৮/০২/২০১৬ খ্রি. ১১/০২/২০১৭ খ্রি. ২৪/১২/২০১৭ খ্রি. ১২/১১/২০১৭ খ্রি.	কোন আপত্তি উত্থাপিত হয় নি।	কোন আপত্তি উত্থাপিত হয় নি।
২০১৪-১৫ ২০১৫-১৬ ২০১৬-১৭ ২০১৮-১৯ অর্থ বছরের জন্য বাপবিবোর্ড কতৃক অভ্যন্তরীণ নিরীক্ষা	১৫-০১-২০১৭ খ্রি. হইতে ১৮-০১-২০১৭ খ্রি. ১০-০৬-২০১৯ খ্রি. হইতে ২৩-০৬-২০১৯ খ্রি.	২৯-০৩-২০১৭ খ্রি. সকল আপত্তি নিষ্পত্তি করা হয়। ৩০-০৬-২০১৯ খ্রি. সকল আপত্তি নিষ্পত্তি করা হয়।	কোন আপত্তি অবশিষ্ট নেই।

১৬. প্রকল্প পরিদর্শন: সরকারের শতভাগ বিদ্যুতায়নের অংশ হিসেবে প্রকল্পটি বরিশাল বিভাগের ৬টি জেলায় এবং খুলনা বিভাগের বাগেরহাট জেলায় বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির প্রকল্প সমাপ্তি প্রতিবেদন আইএমইডি-তে পাওয়ার পর বরিশাল বিভাগে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতির তত্বাবধানে বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদশর্নকালে বরিশাল পল্লী বিদ্যুৎ এর নির্বাহী প্রকৌশলী এবং প্রকল্প দপ্তরের একজন প্রকৌশলী উপস্থিত ছিলেন।

১৭. আইএমইডি'র পর্যবেক্ষণ: প্রকল্পের মূল ডিপিপি ০৯.১২.২০১৪ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ডিপিপি আরো ২ বার সংশোধন করা হয়। ১ম সংশোধিত ডিপিপি ২০.১২.২০১৬ তারিখে এবং ২য় সংশোধিত ডিপিপি ১২.০৫.২০১৮ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের মূল ডিপিপি অপেক্ষা ২য় সংশোধিত ডিপিপি-তে ব্যয় ৬০৪২.৮৯ লক্ষ টাকা (৭.২০%) হ্রাস পেলেও মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১ বছর (২৫%)। যদিও প্রকল্প বাস্তবায়নের প্রকৃত ব্যয় হয়েছে ৭৬১১৮.০১ লক্ষ টাকা, যা ২য় সংশোধিত ডিপিপি অপেক্ষা ২.২২% বা ১৭২৯.১০ লক্ষ টাকা কম।

প্রকল্পের পিসিআর এবং অর্থ বছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয় পর্যালোচনা করে দেখা যায় প্রকল্প পরিচালক প্রকল্প মেয়াদের প্রতিটি অর্থ বছরে (২০১৪-১৫ হতে ২০১৮-১৯ পর্যন্ত) অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন। এই প্রতিবেদন প্রণয়নের

সময় তা যাচাই (Online Challan Verification) করা হয়েছে। এছাড়াও পিসিআর এ চালানের ফটোকপি যুক্ত করা হয়েছে।

পরিদর্শনকালে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতাধীন মানিককাঠি, ক্ষুদ্রকাঠি এবং বার্থি এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম দেখা হয়। এছাড়াও সুগন্ধা নদী রিভার ক্রসিং টাওয়ারও পরিদর্শন করা হয়।

মানিককাঠি এলাকায় পরিদর্শনকালে নতুন গ্রাহকদের সাথে আলোচনায় তারা সন্তুষ্টি প্রকাশ করেন। কিন্তু তারা জানেন না কোন প্রকল্পের আওতায় তারা এই সংযোগ পেয়েছেন, বাস্তবে এটি বোঝারও কোন উপায় নেই। তারা জানান এই গ্রামে বিদ্যুৎ সংযোগ প্রদানের ফলে তাদের জীবনযাত্রা সহজ হয়েছে এবং বিদ্যুৎ সংযোগ পেতে তাদের কোন হয়রানি হয়নি। একজন গ্রাহক তার বিদ্যুৎ বিল বেশি আসে বলে অভিযোগ করেন। তবে তাৎক্ষণিকভাবে যাচাই করে এর সত্যতা পাওয়া যায়নি। মানিককাঠিতে পরিদর্শিত এলাকায় অনুমোদিত ড্রইং/ডিজাইন পর্যালোচনা করে দেখা যায়, যে পরিমাণ সংযোগের প্রদানের বিষয়ে সেখানে উল্লেখ আছে বাস্তবে সে পরিমাণ গ্রাহক নেই।

এ বিষয়ে উপস্থিত নির্বাহী প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুসারেই সংযোগ প্রদান করা হয়েছে। উল্লেখ্য এই প্রকল্পের মাধ্যমে নতুন ৫১৮৬ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ এবং ৪৮৩ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নবায়ন/পুনর্বাসন করা হয়েছে যা ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্যমাত্রার চেয়ে সামান্য কম। সংশ্লিষ্টদের সাথে আলোচনায় জানা যায় রাইট অফ ওয়ে সংক্রান্ত জটিলতার কারণে ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্যমাত্রার চেয়ে কম অর্জন হয়েছে।

এরপর ক্ষুদ্রকাঠি এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। উক্ত পরিদশর্নকালে জানা যায় এটি মূলত একটি গুচ্ছগ্রাম। এখানকার বাসিন্দারা জানান, বিদ্যুৎ সংযোগ পেতে তাদের বিদ্যুৎ অফিসে যেতে হয়নি। পল্লী বিদ্যুৎ অফিসের সংশ্লিষ্ট লোকজন তাদের মহল্লায় এসে নির্ধারিত ফি গ্রহণের পর তাৎক্ষণিকভাবে বিদ্যুৎ সংযোগ প্রদান করেছেন।



চিত্র-১: প্রকল্পের আওতায় মানিককাঠি এলাকায় স্থাপিত নতুন বৈদ্যুতিক লাইন।



চিত্র-২: প্রকল্পের আওতায় স্থাপিত একটি রিভার ক্রসিং টাওয়ার।

অতঃপর সুগন্ধা নদীর দুই প্রান্তে স্থাপিত রিভার ক্রসিং টাওয়ার পরিদর্শন করা হয়। প্রকল্পের আওতায় ৫সেট ৩৩ কেভি ডাবল সার্কিট টাওয়ার নির্মাণ (ডিজাইন, মালামাল সরবরাহ, স্থাপন, প্রশিক্ষণ, টেস্টিং ও কমিশনিংসহ) এর সংস্থান ছিল। উপস্থিত কর্মকর্তা জানান এগুলি সম্পন্ন হয়েছে। আলোচনায় জানা যায়, এ ধরনের রিভার ক্রসিং টাওয়ার স্থাপনের অভিজ্ঞতা পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ইতোপূর্বে ছিলো না।

	
চিত্র-৩: প্রকল্পের আওতায় বার্থি এলাকায় স্থাপিত নতুন সাব-স্টেশনের একাংশ।	*চিত্র-৪: প্রকল্পের আওতায় বার্থি এলাকায় স্থাপিত নতুন সাব-স্টেশনের কন্ট্রোল রুম।*

বার্থি সাব-স্টেশন পরিদর্শনকালে দেখা যায় এটি সচল রয়েছে। তবে স্টেশনের দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর কাছে সাব-স্টেশন যন্ত্রাংশের Brochure দেখতে চাইলে এটি সাব-স্টেশনে নেই বলে জানান। এছাড়াও নবনির্মিত কন্ট্রোল রুম সংলগ্ন শৌচাগার ব্যবহার অনুপযোগী অবস্থায় পাওয়া যায়। নির্মাণ কাজের ত্রুটি অথবা কী কারণে এমনটি হয়েছে তা যাচাই করে মেরামত করার জন্য পল্লী বিদ্যুতের নির্বাহী প্রকৌশলীকে তাৎক্ষণিকভাবে অনুরোধ করা হয়। তিনি জানান এই সাব-স্টেশনটির ওয়ারেন্টি পিরিওড বলবৎ রয়েছে; নির্মাণকারী ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কথা বলে বিষয়টি সমাধান করা হবে।

এই প্রকল্পের আওতায় ১টি জিপ গাড়ি, ২টি ডাবল কেবিন পিক-আপ এবং ৭টি মোটরসাইকেল ক্রয়ের সংস্থান ছিল। এগুলি ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর এগুলি পল্লী বিদ্যুতায়ন বোর্ডের O&M এ অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া চলমান রয়েছে মর্মে প্রকল্প প্রিচালক পিসিআর এ উল্লেখ করেছেন।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক এই মুহূর্তে একাধিক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। অপরপক্ষে এসকল প্রকল্প যেহেতু বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে বাস্তবায়ন হয় সেকারণে প্রায় প্রতিটি পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় একাধিক প্রকল্পের কার্যক্রম চলমান। কিন্তু পল্লী বিদ্যুৎ সমিতির স্টোর বা ওয়্যার হাউসে প্রকল্প ভিত্তিক যন্ত্রাংশ চিহ্নিত করার সুযোগ নেই বল্লেই চলে। সেইসাথে নতুন স্থাপনকৃত বৈদ্যুতিক লাইন বা নবায়ন/পুনর্বাসনকৃত লাইন কোন প্রকল্পের আওতায় করা হয়েছে তা যাচাই করা দুরূহ। কিন্তু বাস্তবায়িত কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য এটি জরুরী। এছাড়াও কতখানি দৈর্ঘ্যের লাইন স্থাপন করা হয়েছে পরিদর্শনকালে মাঠ পর্যায়ে তা যাচাই করার কোন বাস্তসম্মত পদ্ধতি বা কারিগরি উপায় নেই। এই বিষয়গুলিতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গুরুত্ব আরোপ করা হলে কাজের গুণগত মান বৃদ্ধি পাবে।

১৮. আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৮.১ বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতায় মানিককাঠি এলাকায় অনুমোদিত ড্রইং/ডিজাইন অপেক্ষা বাস্তবে গ্রাহক সংখ্যা কম হবার বিষয়ে প্রকল্প পরিচালক ব্যাখ্যা প্রদান করবেন;

১৮.২ প্রকল্পের আওতায় স্থাপিত/ ক্ষমতা বর্ধনকৃত প্রতিটি সাব-স্টেশনে সাব-স্টেশন যন্ত্রাংশের Brochure সংরক্ষণ করতে হবে;

১৮.৩ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহনসমূহ বর্তমানে কী অবস্থায় আছে তা আইএমইডি-কে অবহিত করতে হবে;

১৮.৪ প্রতিটি প্রকল্পের আওতায় ক্রয়কৃত এবং স্থাপিত যন্ত্রাংশসমূহ, বিশেষতঃ পোল, ট্রান্সফরমার, কন্ডাক্টর ইত্যাদি চিহ্নিত করার বিষয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড উদ্যোগ গ্রহণ করবে;

১৮.৫ একটি বৈদ্যুতিক পোল থেকে অপর একটি পোলের দুরত্ব মাপার জন্য সহজে বহনযোগ্য যন্ত্র বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিটি পল্লী বিদ্যুৎ সমিতিকে প্রদান করতে পারে; এবং

১৮.৬ উপরিউক্ত সুপারিশ সমূহের আলোকে গৃহীত কার্যাদির বিষয়ে আইএমই বিভাগকে এক মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

এক্সটেনশন অব বড়পুকুরিয়া কোল ফায়ারড থার্মাল পাওয়ার স্টেশন বাই ২৭৫ মেঃ ওঃ (১ম সংশোধিত) (থার্ড ইউনিট) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর ২০১৮)

১.	প্রকল্পের নামঃ	এক্সটেনশন অব বড়পুকুরিয়া কোল ফায়ারড থার্মাল পাওয়ার স্টেশন বাই ২৭৫ মেঃ ওঃ (১ম সংশোধিত) (থার্ড ইউনিট)
২.	উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৩.	বাস্তবায়নকারী সংস্থাঃ	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)
৪.	প্রকল্প এলাকাঃ	দিনাজপুর জেলার ফুলবাড়ী ও পার্বতীপুর উপজেলা।
৫.	প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মোট টাকা (প্র: সা:) সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৬৮৭৯৪.৯৩ ৬৪৮৩২.৮৭ ১৮৩৫৫৭.২৯ ২০৪০৪.৭৭	২৬৬৩২৫.৭৪ ৬৯২৭৯.৮৬ ১৮০০৯৯.২৬ ১৬৯৪৯.৬২	২৫৫৪৫৮.৩২ ৬৫৭৫৯.১৩ ১৮০০৯৯.২৬ ৯৫৯৯.৯৩	ডিসেম্বর ২০১৩ হতে নভেম্বর ২০১৭	ডিসেম্বর ২০১৩ হতে ডিসেম্বর ২০১৮	ডিসেম্বর ২০১৩ হতে ডিসেম্বর ২০১৮	(-)০.৯২%	১(এক) বছর (২৭.৬৫%)

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ পটভুমি:

দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার বড়পুকুরিয়ার কয়লা খনিতে বার্ষিক ১০ লক্ষ মেট্রিক টন কয়লা উত্তোলন করা যায়। এ কয়লাকে ব্যবহার করে এখানে ১২৫ মেঃওঃ করে ২টি ইউনিটের বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়েছে। এ দুটি ইউনিট ২০০৫ ও ২০০৬ সন হতে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে। এ ২টি ইউনিটের জন্য জ্বালানী হিসেবে বার্ষিক ৪.৫০ লক্ষ মেট্রিক টন কয়লার প্রয়োজন হয়। তাই অবশিষ্ট কয়লা জ্বালানী হিসেবে ব্যবহার করে আরো একটি ইউনিট স্থাপনের পরিকল্পনা করা হয়। এ প্রেক্ষাপটে বড়পুকুরিয়ার কয়লা ব্যবহার করে বড়পুকুরিয়ায় বিদ্যমান ২x১২৫ মেঃওঃ কেন্দ্রে আরও ১টি ২৭৫ মেঃ ওঃ এর ৩য় ইউনিট স্থাপনের জন্য ইসিএ অর্থায়নের আওতায় Industrial and Commercial Bank of China (ICBC) এর ঋণ সহায়তায় মোট ২৬৮৭.৯৫ কোটি (জিওবি ৬৪৮.৩৩ কোটি, সংস্থার নিজস্ব ২০৪.০৫ কোটি ও ঋণ সহায়তা ১৮৩৫.৫৭) টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর, ২০১৩ হতে নভেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটি গত ২৬/০১/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এখন কতিপয় কারণে প্রকল্পটি সংশোধন করে মোট ২৮৫৫.৪৯ কোটি (জিওবি ৭৮২.৩৬ কোটি, সংস্থার নিজস্ব ২৭২.১৪ কোটি ও ঋণ সহায়তা ১৮০০.৯৯) টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত প্রকল্পটি গত ০৪/০১/২০১৮ মাননীয় পরিকল্পনা মন্ত্রী

মহোদয় কর্তৃক অনুমোদিত হয়।

৭.২ **উদ্দেশ্য:**

- প্রকল্পের প্রধান উদ্দেশ্য ২৭৫ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা;
- বড়পুকুরিয়া কয়লা খনি হতে প্রাপ্ত কয়লা ব্যবহার করে বিদ্যুৎ উপৎপাদন করা; এবং
- বিদ্যুতের লোড শেডিং হ্রাস/দূরীকরণ।

৭.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

ইসিএ অর্থায়নের আওতায় Industrial and Commercial Bank of China (ICBC) এর ঋণ সহায়তায় মোট ২৬৮৭.৯৫ কোটি (জিওবি ৬৪৮.৩৩ কোটি, সংস্থার নিজস্ব ২০৪.০৫ কোটি ও ঋণ সহায়তা ১৮৩৫.৫৭) টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর, ২০১৩ হতে নভেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটি গত ২৬/০১/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এখন অনুমোদিত ডিপিপির তুলনায় প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে ৪০টি অঙ্গের মধ্যে ১৪টি অঙ্গের ব্যয় মোট ২৬৭৯০.৮৯ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে, ২২টি অংঙ্গের ব্যয় মোট ১০০৩৬.৯৮ লক্ষ টাকা হ্রাস পেয়েছে, ৪টি অঙ্গের ব্যয় অপরিবর্তিত থাকার কারণে প্রকল্পটি সংশোধন করে মোট ২৮৫৫.৪৯ কোটি (জিওবি ৭৮২.৩৬ কোটি, সংস্থার নিজস্ব ২৭২.১৪ কোটি ও ঋণ সহায়তা ১৮০০.৯৯) টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাবের অনুমোদন বিবেচনার লক্ষ্যে গত ১০/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)'র সভা অনুষ্ঠিত হয়। সরেজমিন পরিদর্শন ও বিস্তারিত পর্যালোচনার পর প্রকৃত প্রয়োজনীয়তার ভিত্তিতে কমিটি কর্তৃক কতিপয় অঙ্গের পরিমাণ ও ব্যয় যৌক্তিকীকরণ করার ফলে প্রকল্প ব্যয় ১৯২২৩.১০ লক্ষ টাকা হ্রাস পেয়ে মোট ২৮৫৫৪৮.৮৪ লক্ষ টাকার স্থলে মোট ২৬৬৩২৫.৭৪ লক্ষ (জিওবি ৬৯২৭৯.৮৬ লক্ষ টাকা, বাবিউবো'র নিজস্ব তহবিল ১৬৯৪৬.৬২ লক্ষ টাকা এবং প্রকল্প ঋণ সহায়তা (ইসিএ) ১৮০০৯৯.২৬ লক্ষ টাকা) টাকায় নির্ধারন করা হয় এবং গত ০৪/০১/২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** নিম্নোক্ত ৪ (চার) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন/করছেন:

ক্রমিক নং	নাম ও পদবী	পুর্ণকালীন/খন্ডকালীন	একাধিক প্রকল্পের জন্য দায়িত্বপ্রাপ্ত কিনা	যোগদানের তারিখ	বদলী
১	জনাব এটিএম জহিরুল ইসলাম মজুমদার	খন্ডকালীন	হ্যাঁ	২০/০৪/২০১৩	১৮/১১/২০১৩
২	জনাব স্বপন কুমার সাহা	পূর্ণকালীন	না	১৮/১১/২০১৩	০৯/০১/২০১৪
৩	জনাব এটিএম নান্নুর রহমান	খন্ডকালীন	হ্যাঁ	০৯/০১/২০১৪	১৫/০১/২০১৪
৪	জনাব মোঃ ফেরদৌস আলী	পূর্ণকালীন	না	১৫/০১/২০১৪	০১/০৪/২০১৪
৫	জনাব মোঃ সোলেমান	পূর্ণকালীন	না	২২/০৪/২০১৪	২৭/০৫/২০১৫
৬	জনাব চৌধুরী নুরুজ্জামান	পূর্ণকালীন	না	২৮/০৫/২০১৫	১৫/০২/২০১৮
৭	জনাব মোঃ সামসুল হক	খন্ডকালীন	না	১৬/০২/২০১৮	২৫/০২/২০১৮
৮	জনাব হিমাংশু কুমার বিশ্বাস	পূর্ণকালীন	না	২৬/০২/২০১৮	০৩/০৩/২০১৮
৯	জনাব মোঃ সামসুল হক	খন্ডকালীন	না	০৪/০৩/২০১৮	০৫/০৫/২০১৮
১০	জনাব মোঃ আব্দুল হাকিম সরকার	খন্ডকালীন	হ্যাঁ	০৬/০৫/২০১৮	অদ্যবধি

৭.৫ প্রকল্পের মূল কার্যক্রম :

- স্টিম জেনারেটর প্ল্যান্ট স্থাপন;
- কনডেন্সসেট এবং স্টিম সিস্টেমসহ স্টিম টারবাইন স্থাপন;
- এ্যাশ হ্যান্ডেলিং সিস্টেম স্থাপন;
- কুল হ্যান্ডেলিং সিস্টেম স্থাপন;
- এয়ার এন্ড ফ্লু গ্যাস সিস্টেম স্থাপন;
- পানি সংরক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা;
- ১০০ জন-মাস প্রশিক্ষণ ইত্যাদি।

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

প্রকল্প দপ্তর থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

Items of work (as per DPP)	Unit	Target (as per RDPP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Qty)	Financial	Physical (Qty)	
1	2	3	4	5	6	7
(a) Revenue Component(BPDB Part)						
1. Pay of officers	16 Nos	383.72		335.46		
2 Pay of Staffs	23 Nos.	126.04		120.82		
3 Allowance	LS	305.86		281.42		
4. Repairs, Maintanance & Rehabilitation	LS	88.60		88.00		Happened due to actual cost is less.
5. Meeting Expenditure	LS	3.00		0.00		No expenditure
Sub-total (Revenue Component)		**907.22**		**825.70**		
(b) Capital Component						
Turnkey Part						
Steam Generator Plant	1 lot	52433.68	100%	52433.68	100%	
Steam Turbine with Condensate and Steam System	1 lot	54908.26	100%	54908.26	100%	
Coal Handling System	1 lot	5020.80	100%	5020.8	100%	
Air and Flue Gas System	1 lot	8976.60	100%	8976.6	100%	
Ash Handling System	1 lot	3296.42	100%	3296.42	100%	
Water Storage and Treatment System	1 lot	7810.54	100%	7810.54	100%	
Auxiliary System	1 lot	9053.14	100%	9053.14	100%	
230 KV Switchyard and Sub distribution system	1 lot	16065.66	100%	16065.66	100%	
Instrumentation and Control System	1 lot	6193.14	100%	6193.14	100%	
Communication, Clock and Surveillance system	1 lot	783.39	100%	783.39	100%	
Civil Works Nonresidential & residential	Lot	15,974.82	100%	15919.37	100%	Happened due to actual cost is less.
Workshops, stores, Vehicles	1 Lot	2,226.24	100%	2226.24	100%	
Erection, Testing & Commissioning of power plant	Lot	6,183.40	100%	6183.40	100%	

Items of work (as per DPP)	Unit	Target (as per RDPP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Qty)	Financial	Physical (Qty)	
1	2	3	4	5	6	7
Insurance, Local Transportation & Port handling charges	lot	1,356.25	100%	1356.25	100%	

৯.০ পর্যবেক্ষণঃ

৯.১ প্রকল্পের মূল EPC (Engineering Procurement Construction) ঠিকাদার হিসেবে JV of Harbin Electric Engineering and CCCE, China এর সাথে ০৭/০৪/২০১৩ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। ২৬/১২/২০১১ তারিখে দরপত্র আহবানের ১৫ মাস পর চুক্তি সম্পাদিত হয়। এত অধিক বিলম্বে চুক্তি স্বাক্ষরিত হওয়া কাম্য নয়।

৯.২ পরামর্শক খাতে ডিপিপি অনুযায়ী ২৪ কোটি টাকার সংস্থান থাকলেও ২৭.৮৮ কোটি টাকা মূল্যে চুক্তি স্বাক্ষরিত হয়। ২২/০৪/২০১৪ তারিখে দরপত্র আহবানের ১১ মাস পরে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এত অধিক বিলম্বে চুক্তি স্বাক্ষরিত হওয়া প্রকল্পের বাস্তবায়ন কাজকে দীর্ঘায়িত করেছে।

৯.৩ প্রকল্পের আওতায় একটি স্টীম জেনারেটর, একটি স্টীম টারবাইন, কোল হ্যান্ডলিং সিস্টেম, এয়ার এন্ড ফ্লু গ্যাস সিস্টেম, এশ হ্যান্ডলিং সিস্টেম, ওয়াটার স্টোরেজ সিস্টেম এবং ২৩০ কেভি সুইচ ইয়ার্ড স্থাপন করা হয়েছে। এসকল মেশিনারিজ চীন দেশে প্রস্তুতকৃত এবং ২০১৬ সালে উৎপাদনকৃত। বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন করার পর ২৭/০৫/২০১৮ তারিখে Provisional Acceptance Certificate (PAC) ইস্যু করা হয়েছে।

৯.৪ ২১/১২/২০১৭ তারিখে বিদ্যুৎ কেন্দ্রটির Commercial Operation সম্পন্ন হয়েছে এবং সফলভাবে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে। বিদ্যুৎ কেন্দ্রটির সর্বোচ্চ উৎপাদন ৩০০ মেগাওয়াট। ২১/১২/২০১৭ থেকে পরিদর্শনের দিন পর্যন্ত ১১৩০৮৪৩৩৫৪ কিলোওয়াট-আওয়ার বিদ্যুৎ ন্যাশনাল গ্রীডে সরবরাহ করা হয়েছে। বিদ্যুৎ কেন্দ্রটি গত ৬ মাসে গড়ে ৬৫% থেকে ৯৮% প্ল্যান্ট ফ্যাক্টরে চালানো হয়েছে।

৯.৫ ২০১৪-১৫ সালে প্রকল্পের এক্সটার্নাল অডিট সম্পন্ন করা হয়। সকল অডিট আপত্তির জবাব দেয়া হয়েছে। তবে সকল আপত্তি নিষ্পন্ন হয়নি।

৯.৬ বিদ্যুৎ কেন্দ্রের চিমনীতে ক্ষতিকারক গ্যাস পরিমাপের জন্য মেজারমেন্ট টুল স্থাপন করা আছে। চিমনী হয়ে নির্গত ধোয়ায় NOx, SO2 এবং CO নির্ধারিত মাত্রার মধ্যে আছে।

৯.৭ ২২১/১২/২০১৭ তারিখ হতে বিদ্যুৎ কেন্দ্রটি বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন করছে। ০৫/১২/২০১৭ তারিখে সর্বোচ্চ উৎপাদন হয়েছে, যা ছিল ৩০৬ মেগাওয়াট। এনএলডিসি'র চাহিদার ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন হ্রাস-বৃদ্ধি করা হয়। প্রতি ইউনিট বিদ্যুতের জন্য ০.৩৬ কেজি কয়লা প্রয়োজন হয়।

১০.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকা)

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
Contract for Design, Supply, Inspection, Transportation to site Erection, Construction, Testing and Commissioning of Barapukuria 275MW coal fired thermal Power Plant Project (3rd Unit), Parbatipur, Dinazpur on Turn key basis under ECA financing	196784.79	196784.79	26/12/2011	04/07/2013	15/07/2018	02/02/2018
Consultancy Services for extension of Barapukuria Coal fierd thermal power station by 275MW (3rd unit) project.	2400.00	2788.58	22/04/2014	29/03/2015	62 months	31/12/2018
Land Development for the low land by cutted ash from ash pond and deposit top soil for Barapukuria Power Plant area	900.00	891.004	16/08/2017	26/11/2017	12/08/2018	08/08/2018
Supply Installation of 6 nos Deep-tubewell and Water distribution line for Barapukuria Power plant area	654.64	524.70	07/12/2017	03/05/2018	29/12/2018	29/12/2018

১১.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ প্রকল্পের প্রধান উদ্দেশ্য ২৭৫ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা;	➢ প্রকল্পের প্রধান উদ্দেশ্য ২৭৫ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি পেয়েছে;
➢ বড়পুকুরিয়া কয়লা খনি হতে প্রাপ্ত কয়লা ব্যবহার করে বিদ্যুৎ উপৎপাদন করা; এবং	➢ বড়পুকুরিয়া কয়লা খনি হতে প্রাপ্ত কয়লা ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে; এবং
➢ বিদ্যুতের লোড শেডিং হ্রাস/দূরীকরণ।	➢ বিদ্যুতের লোড শেডিং হ্রাস/দূরীকরণ অনেকটা সম্ভব হয়েছে।

১২.০ সুপারিশঃ

১২.১ মূল ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে দরপত্র আহবান হতে চুক্তি স্বাক্ষর পর্যন্ত ৩ **(তিন)** বছর সময় ব্যয় হয়েছে**,** যা প্রকল্পের বাস্তবায়ন কাজকে দীর্ঘায়িত করেছে। ভবিষ্যতে ঠিকাদার নিয়োগে দীর্ঘসূত্রিতা পরিহার করতে হবে এবং এই বিলম্বের কারণ প্রকল্প দপ্তরকে মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাখ্যা করতে হবে**;**

১২.২ প্রকল্পটি ৩ বার মেয়াদ বৃদ্ধি এবং ১ বার সংশোধন করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সময় আরো বাস্তবমুখী পরিকল্পনা করতে হবে যেন টাইমওভার রান না হয়**;**

১২.৩ সকল গুরুত্বপূর্ণ যন্ত্রের গায়ে ইংরেজী ভাষায় মুদ্রিত রেটিং প্লেট লাগাতে হবে এবং প্ল্যান্ট হ্যান্ড ওভারের পূর্বে সকল গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের ইংরেজী ভাষায় মুদ্রিত ব্যবহারবিধি (User manual) সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

১২.৪ বিদ্যুৎ কেন্দ্রের চিমনীতে ক্ষতিকারক গ্যাস NOx, SO2 **এবং** CO নিয়মিত পরিমাপ করতে হবে;

১২.৫ অনুচ্ছেদ ১২.১-১২.৪ এর আলোকে গৃহীত কার্যাবলীর বিষয়ে আইএমইডি'কে শীঘ্র অবহিত করতে হবে।

List of major components/machineries of the power plant:

Sl no	Name of the major component	Specification in brief	Country of origin	Year of manufacturing
1	*2*	*3*	*4*	*5*
1.	Steam Generator Plant	Type: HG-980/17.5-YM25 Single furnace, once reheat in the middle, balanced ventilation, steel framework, sub-critical parameters, nature circle drum boiler, outdoor Main Parameter: Super--heater Outlet Pressure/ Temp.: 17.5 MPa.g /540℃ Re-heater Outlet Pressure/ Temp.: 3.484	China	2016
2.	Steam Turbine with Condensate and Steam System	Turbine Type: N300-16.7/537/537 Subcritical, single reheat, single back pressure, two exhausts and condensing The steam system consists of eight (8) stages of nonadjustable steam (including HP casing exhaust). No.1, No.2 and NO.3 extraction steam provide steam to the three HP heaters. NO.4 extraction steam provide steam to the deaerator, and auxiliary steam system.NO.5, NO.6, NO.7 and NO.8 extraction steam provide steam to the other	China	2016
3.	Coal Handling System	The coal is transferred to Ⅱ crusher house by belt conveyors CⅡ-1.In Ⅱ crusher house, 2 vibration screens and 2 crushers are provided. The capacity of them will be 300t/h. The crushed coal is transferred to coal storage yard by CⅡ-2 ,CⅡ-3 conveyor and tripper or directly to boiler house by supplying conveyors. In coal storage yard, the coal is transferred to coal storage yard by underground, feeder and CⅡ-4 conveyor. The coal is transferred to bunker bay by CⅡ-5AB conveyor and existing belt conveyors. On bunker floor, BC-8AB conveyor will be extended and 8 sets of plow dischargers are installed for coal	China	2016
4.	Air and Flue Gas System	Gas and air system is balance draft design. The air pre-heater is tri-sector rotary regenerative type, and is divided into primary air, forced draft air and gas system. The boiler is furnished with two sets of fixed-speed, motor-driven, centrifugal primary air fan （P.A. Fan）. The boiler is furnished with two sets of fixed-speed, motor-driven, adjustable moving vane, axial flow forced draft fan (F.D. Fan).	China	2016

5.	Ash Handling System	Bottom ash is cooled and conveyed out of boiler by hydraulic system. Fly ash is transported to two ash silos by pneumatic and transport to the ash pond hydraulic system. The mixture of the ash slurry is transported to the ash pond by the ash slurry pump The boiler is equipped two Electrostatic Precipitators with double chambers, 4 fields.The efficiency calculated is not less than 99.5%. The particulate emission	China	2016
